It is true that both men had identical views on various issues for example, the regeneration of Asiatic nations, Mahayana Buddhism and aesthetic concepts, but it was gradually revealed to each other that they had some fundamental differences in their approaches to the highest ideal of life. Further, their level of realising that ideal was also very different. Being himself a realised soul of the highest order, Swamiji's dedication to the spiritual ideal based on renunciation (Nivritti marga – the path of renunciation of desires) was total. But Okakura's way was the path of desire (Pravritti marga) and he still had 'love for the world' which becomes evident if one analyses his personal life prior to his visit to India and after[18]. Moreover, Okakura had a secret political agenda in uniting Asia against European Imperialism, which he did not reveal to Swamiji, who, as a monk, scrupulously distanced himself and his newly established Order from all active politics. Nevertheless, Okakura continued his relationship with Sister Nivedita who edited 'Ideals of the East' (published in London, 1903) and 'The Awakening of the East' (published in Tokyo,1939) written by him.

After spending eventful months in India, Okakura returned to Japan that same year in October, but would not talk much about India upon his return. But there is one special occasion known to us when Okakura urged his audience of 70 Japanese historians to visit India at least once, in an address lasting more than two hours, on the history of Indian Art at the Academy of History, University of Tokyo, on 12 December 1902. [19]

It is also worth mentioning that Swamiji made the following significant remark on 4 July 1902, the last day of his mortal existence, the context of which is not known to us: "I want to do something for Japan."[20] This shows that Japan occupied his thoughts even to the end. Presumably, Swamiji's wish was fulfilled partially, when a Vedanta Society, (now located in Zushi), was started in Japan in 1959 by a group of devotees, and later affiliated to the Ramakrishna Mission, as one of its accredited branches in 1984.

The information furnished above shows that in promoting the Indo-Japanese relationship, especially in the modern era, while Okakura Tenshin was a pioneer on the Japanese side, Swami Vivekananda was the preeminent Indian pioneer. This relationship was strengthened by later visits and stays of other prominent Indians, namely the poet Rabindranath Tagore, the freedom fighters, Rashbihari Basu and Netaji Subhas Chandra Basu, and the jurist Radhabinod Pal.

It is a pity that though many people in both India and Japan are aware of the Tagore-Okakura connection and the visit of Tagore to Japan, few indeed know the Vivekananda-Okakura connection or anything related to Swamiji's visit to Japan. In this backdrop it is heartening to observe that possibly for the first time a contemporary Japanese government official has recognized the pioneering role of Swami Vivekananda when former Prime Minister Shinzo Abe made the following respectful and appreciative references to Swamiji during that very important policy speech on Indo-Japan relations, on 22nd August, 2007, before the Joint Session of the Indian Parliament during his recent visit to India. The references made by Prime Minister Abe are as follows:[21]

"**Today I have the great honour of addressing the highest organ of state power in this largest democracy in the world. I come before you on behalf of the citizens of another democracy that is equally representing Asia, to speak to you about my views on the future of Japan and India.**

""The different streams, having their sources in different places, all mingle their waters in the sea.' It gives me tremendous pleasure to be able to begin my address today with the words of Swami Vivekananda, the great spiritual leader that India gave the world."

"A number of times in history, Japan and India have attracted one another. Vivekananda came to be acquainted with Tenshin Okakura, a man ahead of his time in early modern Japan and a type of Renaissance man. Okakura was then guided by Vivekananda and enjoyed also a friendship with Sister Nivedita, Vivekananda's loyal disciple and a distinguished female social reformer ... "

"I would argue that among many contributions that India can make to world history, there is first of all its spirit of tolerance. I would like to quote, if I may, Vivekananda again, part of the conclusion of deeply meaningful remarks he delivered in Chicago in 1893. He said, 'help and not fight,' 'assimilation and not destruction,' 'harmony and peace and not dissension.' "

"If you insert these exhortations into the context of the modern day, it is clear that these words preaching tolerance can hardly be considered relics of the past. Instead, we can recognize that they now hold a tone that is even more compelling than before."

We may conclude this article with this observation that if we were to analyse the trend of Indo-Japanese relationship in recent years, it would be evident that what Swamiji had hoped with regard to the outcome of the said relationship about a century ago, is now actually taking place. While Japan has been largely contributing to the material welfare of India, by lending both financial and technical assistance, India is also lending spiritual support to many people of Japan. People of

all ages visit the branches of Indian religious organisations in Japan, including the Vedanta Society, take part in their different programmes, throng in hundreds when any Indian religious leader visits Japan, and also go to different ashrams and holy places in India to seek peace and spiritual guidance. This is in addition to the elderly Buddhist devotees, who usually go to India, on pilgrimage for visiting places associated with Lord Buddha.

Indo-Japanese relationship is not restricted to the economic and spiritual areas only, but also extends to the cultural sectors – especially, the traditional health-care system and performing arts.

Nevertheless, this relationship ought not to focus only upon these two countries, but the ultimate perspective must be global. Let us all combine our hands in promoting the Indo-Japanese relations, at all levels, and in all sectors, with the ultimate aim that a fully developed India and Japan would contribute in making, what we may call, a fully developed world, which was the vision of great minds like Swami Vivekananda and Rabindranath Tagore.

Notes and References:

1. The Life of Swami Vivekananda – His Eastern and Western disciples.vol.1.P.391, 5th edition, 1979, Advaita Ashram. Calcutta–14.

2. World thinkers on Ramakrishna Vivekananda ed. Swami Lokeswarananda. 1983, The Ramakrishna Mission Institute of Culture, Calcutta – 29.

3. Ibid.

4. The Complete Works of Swami Vivekananda. Mayavati Memorial Edition.vol.V pp.7-10. 1992. Advaita Ashrama. Calcutta – 9.

5. Swami Akhandananake Jerup Dekhiachhi (Beng) (Swami Akhandananda as we have seen him) – compiled by Swami Chetanananda. Pp.84-85 1999. Udbodhan., Calcutta – 3.

6. Opus Cit., The Complete Works.vol.V.pp.372-73.

7. Ibid.pp.209-210.

8. Swami Vivekananda's Arrival in Vancouver – Historical Research Committee, Centenary of Swami Vivekananda's arrival to the West. P.2.Vivekananda Vedanta Society of British Columbia, Vancouver.1993.

9. Srimat Vivekananda Swamijir Jivaner Ghatanavali (Incidents in the life of Swami Vivekananda) – Mahendranath Datta.vol.3.pp 2-3. Mahendra Publishing Committee.1989.Calcutta – 6.

10. Vivekananda O Samakalin Bharatvarsha (in Beng) (Vivekananda and Contemporary India in seven volumes) – Sankariprasad Basu.vol.V.chapter 32. pp 239-266).September 1981. Mandal Book House. Calcutta – 9;

    A Comprehensive Biography of Swami Vivekananda – Sailendranath Dhar. Vol.2. pp 1117-1118 Vivekananda Kendra Prakashan 1975. Madras – 5.

11. Opus Cit., Vivekananda O Samakalin Bharatvarsha p.240.

12. Ibid. Vivekananda-Okakura, Chapter 38. pp. 458 - 470 ; Okakura and Swami Vivekananda-Yasuko Horioka. Prabuddha Bharata (monthly) January 1975 and March 1975 – Advaita Ashrama, Mayavati.

13. Ibid.

14. Ibid.

15. Reminiscences of Swami Vivekananda – Eastern and Western admirers. P.357. Advaita Ashrama.1961.Calcutta – 6.

16. Swami Vivekananda in the West – New Discoveries – Marie Louise Burke (in 6 volumes) – Vol.1. p.77 – p.122. 4th edition 1992. Advaita Ashrama. Calcutta – 14.

17. Memoir: Ramakrishna Mission Home of Service, Varanasi.p.73-published by the Secretary, Varanasi – 2005.

18. Opus Cit., Vivekananda – Okakura, Vivekananda O Samakalin Bharatvarsha. Chapter 38 pp 458-470; Okakura & Swami Vivekananda- Yasuko Horioka : Prabuddha Bharata, January 1975.

19. Opus Cit., Okakura and Swami Vivekananda - Yasuko Horioka – p.142.

20. Opus Cit., The Life of Swami Vivekananda:Volume2.

21. "Confluence of the Two Seas" - Speech by H.E. Mr. Shinzo Abe, Prime Minister of Japan at the Parliament of the Republic of India. http://www.mofa.go.jp/region/asia-paci/pmv0708/speech-2.html

'জাপান যাত্রী' কে ফিরে দেখা

ভাস্বতী ঘোষ (সেনগুপ্ত)



রবীন্দ্রনাথ ঠাকুরের 'জাপান যাত্রী ' বইটি জাপান ও ভারতবর্ষের যোগাযোগের এক সেতুবন্ধন। এই বইটি বাংলাভাষার বিমুগ্ধ পাঠক পাঠিকাকে আনন্দ দিচ্ছে প্রায় ৯১ বছর ধরে। তাঁর অন্তর্দৃষ্টি, চিন্তার গভীরতা, অনুবীক্ষণের ক্ষমতা এবং অভিব্যক্তি আমাদের বিস্মিত করে বারবার। ভাবতে আশ্চর্য লাগে যে বইটির প্রাসঙ্গিকতা কিন্তু আজও সেই একই। লেখাগুলি ১৯১৬ সালের যখন উনি প্রথমবার জাপানে আসেন এবং এগুলি গ্রন্থ হিসেবে প্রথম প্রকাশিত হয় ১৯১৯ সালে। এর পরেও আরও দুবার বিশ্বকবি জাপানে আসেন ১৯২৪ ও ১৯২৯ সালে। বইটি তো কেবলমাত্র ভ্রমণ কাহিনী বা বিবরণ নয়, এর সাথে যুক্ত হয়েছে রবীন্দ্রনাথ ঠাকুরের মনের আকুলতা, দেশের ও সমাজের প্রতি কর্তব্যবোধ এবং তাঁর একান্ত আবেদন প্রতিটি বাঙ্গালী তথা ভারতীয়দের কাছে - যা কিছু ভাল তা গ্রহণ করার জন্য। ভারতবর্ষে থেকে বইটিকে যতটা উপলব্ধি করা যায়, জাপানে আসলে বা জাপানকে দেখলে তা দ্বিগুণ বা চতুর্গুণ হয় এটি আমার অভিজ্ঞতা। এখানে আমি বইটির মূল্যবান কিছু অংশ উদ্ধৃত করেছি যেগুলো আমার মনে বিশেষভাবে দাগ কেটেছে।

জাপানের সৌন্দর্যবোধ রবীন্দ্রনাথকে বিশেষভাবে আকৃষ্ট করে। সেই প্রসঙ্গে এক জায়গায় বলছেন -

"সকল বিষয়েই এদের যেমন শক্তি তেমনি নৈপুণ্য, তেমনি সৌন্দর্য্যবোধ। এ সম্বন্ধে যখন আমি এদের প্রশংসা করেছি তখন অনেকের কাছেই শুনেছি যে 'এটা আমরা বৌদ্ধধর্মের প্রসাদে পেয়েছি । অর্থাৎ বৌদ্ধধর্মের একদিকে সংযম আর একদিকে মৈত্রী এই- যে সামঞ্জস্যের সাধনা আছে, এতেই আমরা মিতাচারের দ্বারা অমিতশক্তির অধিকার পাই। বৌদ্ধধর্ম যে মধ্যপথের ধর্ম। ' শুনে আমার লজ্জা বোধ হয়। বৌদ্ধধর্ম তো আমাদের দেশেও ছিল, কিন্তু আমাদের জীবনযাত্রাকে তো এমন আশ্চর্য ও সুন্দর সামঞ্জস্যে বেঁধে তুলতে পারে নি। আমাদের কল্পনায় ও কাজে এমনতরো প্রভূত আতিশয্য ঔদাসীন্য উচ্ছৃঙ্খলতা কোথা থেকে এল!" (পৃষ্ঠা ৮৭-৮৮)

আজ ৯১ বছর পরেও অনেক সময়ই রাস্তাঘাটে এমন বহু জাপানীর সাথে আলাপ হয়েছে যাঁরা আমি ভারতীয় শুনে 'কামিসামার দেশের লোক' বলে মাথা ঝুঁকিয়ে নমস্কার করেছে। আর আমি লজ্জিত বোধ করেছি এই ভেবে যে বুদ্ধদেব আমাদের দেশে জন্মগ্রহণ করলেও প্রকৃত বৌদ্ধ রীতিনীতি জাপানে বিদ্যমান; ভারতে তার প্রায় কোনও চিহ্নই

নেই- সেটা যে কতটা দুঃখের তা হয়তো আমার মত অনেক জাপানবাসী ভারতীয়ই অনুভব করেন।

আরও একটি অংশে প্রকৃত সৌন্দর্যের বর্ণনায় লিখেছেন,
"জাপানের যেটা শ্রেষ্ঠ প্রকাশ সেটা অহংকারের প্রকাশ নয়, আত্মনিবেদনের প্রকাশ; সেইজন্য এই প্রকাশ মানুষকে আহ্বান করে, আঘাত করে না।" (পৃষ্ঠা -৯১)
উদ্ধৃত অংশটির অন্তর্নিহিত অর্থ অত্যন্ত গভীর। কোনোকিছুর সুন্দরতা তখনই একটি বিশেষরূপে মানুষের মনকে আকর্ষণ করে যখন তাতে অহংকারের লেশমাত্র থাকে না। যেখানে মন ও হৃদয় একসাথে জুড়ে আত্মসমর্পিত হয় বা নিজেকে উজাড় করে দেওয়া হয় তার মধ্যে যে সৌন্দর্য বিকশিত হয় তা কি আর কিছুতে থাকে?

রবীন্দ্রনাথ ভারত ও জাপানের মধ্যে মিল খুঁজে পান সৌন্দর্যের দার্শনিক বিশ্লেষণের মধ্যে দিয়ে। একটি জাপানী হাইকুর উল্লেখ করে তিনি বলেন,
"স্বর্গ এবং মর্ত হচ্ছে ফুল
দেবতারা এবং বুদ্ধ হচ্ছেন ফুল-
মানুষের হৃদয় হচ্ছে ফুলের অন্তরাত্মা।
আমার মনে হয় এই কবিতাটিতে জাপানের সঙ্গে ভারতবর্ষের মিল হয়েছে। জাপান স্বর্গমর্তকে বিকশিত ফুলের মতো সুন্দর করে দেখছে; ভারতবর্ষ বলছে, এই যে একবৃন্তে দুই ফুল, স্বর্গ এবং মর্ত, দেবতা এবং বুদ্ধ - মানুষের হৃদয় যদি না থাকতো তবে এ ফুল কেবলমাত্র বাইরের জিনিস হত - এই সুন্দরের সৌন্দর্যটিই হচ্ছে মানুষের হৃদয়ের মধ্যে।" (পৃষ্ঠা ৭৫-৭৬)

আসল সৌন্দর্য অন্তরের, সেটা বাহ্যিক নয়, এবং বাহ্যিক সৌন্দর্য চিরস্থায়ী হয় না। এই গভীর অর্থকে বুঝতে গিয়ে আমার রবীন্দ্রনাথ ঠাকুরের 'চন্ডালিকা' নৃত্যনাট্যের একটি গানের কথা মনে আসে -
' ফুল বলে, ধন্য আমি মাটির পরে
দেবতা ওগো তোমার সেবা আমার তরে। '
বিনয়, সহিষ্ণুতা ও আত্মনিবেদন তিনটির সমন্বয়ে যে সৌন্দর্য, তারই প্রকাশকে তিনি এখানে তুলে ধরার চেষ্টা করেছেন। আসলে ১৯১৬ সালে লেখা হলেও এই সৌন্দর্য আজও জাপানে দৃশ্যমান। কিন্তু আমার গ্রহণশীলতা যদি না থাকে, তাহলে এই দেখা শুধু চোখের দেখা হয়েই থেকে যাবে- তার প্রকৃত অর্থ আমার অন্তরে পৌঁছবে না।

জাপানের কাছ থেকে প্রাত্যহিক জীবনযাত্রার শিক্ষণীয় দিকের প্রতি উল্লেখ করে কবিগুরু বলেন, ' আমি নিজের কথা বলতে পারি, আমাদের জীবনযাত্রার উপযোগী জিনিস আমরা এখান থেকে যত নিতে পারি এমন য়ুরোপ থেকে নয়। তা ছাড়া জীবনযাত্রার রীতি যদি আমরা অসংকোচে জাপানের কাছ থেকে শিখে নিতে পারতুম, তাহলে আমাদের ঘরদুয়ার এবং ব্যবহার শুচি হত, সুন্দর হত, সংযত হত। জাপান ভারতবর্ষ থেকে যা পেয়েছে তাতে আজ ভারতবর্ষকে লজ্জা দিচ্ছে; কিন্তু দুঃখ এই যে, সেই লজ্জা অনুভব করবার শক্তি আমাদের নেই। ' (পৃষ্ঠা ৯২-৯৩)

আমি যখন ভারতে ছিলাম তখন এই বইটি ও আরও কয়েকটি বই পড়ে জাপানের একটি মানসচিত্র এঁকেছিলাম; জাপানে আসার পর ও এখানে একটানা ছয় বছর থাকার পর একটি প্রশ্ন আমাকে তাড়িত করে - আমি কতটা তাঁর লেখা থেকে গ্রহণ করেছি বা আমাদের দৈনন্দিন জীবনের মাঝে তাকে স্থান দিয়েছি?

প্রতিদিনের অত্যন্ত সাধারণ একটি দৃশ্য এখানে সকলের পরিচিত - ট্রেনে, বাসে, দোকানে, উৎসবে বা পথে ঘাটে সর্বত্র লাইনে এগিয়ে যাওয়া। কেউ এই লাইন ভাঙ্গার চেষ্টা করে না যতই তাড়া থাকুক না কেন। ধৈর্য ধরে নিয়ম মেনে চলে বলে এদের প্রাত্যহিক জীবনযাত্রা সহজ ও সুন্দর হয়েছে। আর একটা আচরণ বিশেষভাবে উল্লেখযোগ্য, যা হোল সততা - কাজের ক্ষেত্রে, দেশের ক্ষেত্রে ও সমাজের ক্ষেত্রে - তা ব্যক্তিগত হোক বা সামাজিক হোক। আমি এখানে আসার পর প্রথম বছরেই একটা জিনিস লক্ষ্য করলাম যে বর্ষার আগে বা 'টাইফুন' আসার আগেই এরা সমস্ত বিদ্যুৎবাহী তার (ইলেকট্রিক লাইন) সংস্কারের কাজ করে এবং যারা সেইসময় কাজ করছিল তারা সদ্য স্কুল পাশ করা ১৭-১৮ বছর বয়েসী ছেলের দল। একের পর এক লাইন ধরে ধরে কাজ করে চলেছে, কাজের ফাঁকে মাঝে মধ্যে হয়তো দু'চারটে কথাও বলছে, কিন্তু কাজে কোনও ফাঁকি নেই। আমি প্রথমত: দেখে বিশ্বাসই করতে পারি নি যে এদের সাথে কোনও সুপারভাইজার নেই; সদ্য ভারত থেকে আসা মনে সেটি অবিশ্বাস্য। যখন জানলাম যে এরা কেউই কাজকে অবহেলা করবে না - কাজ এদের কাছে পূজা (work is worship যা আমরাও ছোটবেলায় শুনেছি) তখন আমার নিজের দেশ আমার চোখের সামনে ভেসে উঠলো - আমাদের দেশে এই ইলেকট্রিক লাইনের তার ঝুলে থাকায় দুর্ঘটনা ও মৃত্যু প্রায়ই ঘটছে - তা আমরা সকলেই জানি।

শুরুতেই আরও একটি ঘটনা মনকে বিশেষ ভাবে আকৃষ্ট করেছিল। প্রতিদিন সকালে রাস্তাঘাটে শিশুরা দল বেঁধে নিশ্চিন্ত মনে স্কুলে যাচ্ছে। ৫-৬ বছরের শিশুরা ট্রেনে বা বাসে একা নিশ্চিন্তে যাতায়াত করছে - এদৃশ্য নিয়মিত দেখা যায়। কোথাও কোথাও চৌরাস্তার মোড়ে কোনও অভিভাবক হলুদ রঙ্গের পতাকা হাতে নিয়ে দাঁড়িয়ে থাকেন। তাঁদের কাজ হল বাচ্চাদের বড় রাস্তা পার করিয়ে দেওয়া। যাঁরা সকালে পথে বেরোন তাঁরা নিশ্চই এ সম্বন্ধে ওয়াকিবহাল। এই সামাজিক ব্যবস্থাগুলি দেখলেই বোঝা যায় রবীন্দ্রনাথ কেন উপরোক্ত কথাগুলি লিখেছিলেন। আমি এও জানি যে একসময় ভারতেও এগুলি ছিল। কেন হারিয়ে গেল সেটা না খুঁজে বরং কিভাবে এগুলিকে আবার ফিরিয়ে আনা যায় সে সম্বন্ধে সচেতনতা প্রয়োজন।

জাপানীদের পরিমিতি বোধের প্রশংসা করে কবিগুরু লিখেছেন, " জাপানীরা কেবল যে শিল্পকলায় ওস্তাদ তা নয়, মানুষের জীবনযাত্রাকে এরা একটি কলাবিদ্যার মত আয়ত্ত করেছে। এরা এটুকু জানে, যে জিনিসের মূল্য আছে, গৌরব আছে, তার জন্যে যথেষ্ট জায়গা ছেড়ে দেওয়া চাই। পূর্ণতার জন্যে রিক্ততা সব চেয়ে দরকারী। বস্তুবাহুল্য জীবনবিকাশের প্রধান বাধা। ' (পৃষ্ঠা ৮৫)

এটি আরেকটি অসাধারণ ক্ষমতা জাপানীদের - পরিমিতি বোধ বা মাপের জ্ঞান। কথা বলা, ঘর সাজানো ও ব্যবহার সর্বত্রই এই পরিমিতি বোধ দেখতে পাওয়া যায়। অতিরিক্ত কিছু হবার উপায় নেই। ফুল সাজানো, আসবাবপত্র সবেই এটা চোখে পড়ে। ভারতবর্ষে একসময় এই রিক্ততার স্থান ছিল এবং একে সামাজিকভাবে প্রাধান্য দেওয়া হোত। রিক্ততার অর্থ এখানে একটু অন্যরকম - নিজেকে বিকাশ করার জন্য বেশ কিছু জায়গা খালি রাখা।

রবীন্দ্রনাথ তাঁর লেখায়, গানে, কবিতায় সবের মধ্যেই মানসিক উত্তরণের কথা বলেছেন যা সংসারে থেকে সমস্ত কিছুর মধ্যে আপনাকে জড়িয়ে রেখেও করা সম্ভব বলেই ওনার বিশ্বাস ছিল - 'বৈরাগ্যসাধনে মুক্তি, সে আমার নয়, অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময় লভিব মুক্তির স্বাদ ' -মুক্তি (নৈবেদ্য- সঞ্চয়িতা) আসলে এই পরিমিতিবোধের একটি সুফল হোল অহেতুক অপ্রয়োজনীয় মনোমালিন্য, বিবাদকলহ ও হিংসা দ্বেষ থেকে দূরে থাকা যায়। জীবনযাত্রায় এই পরিমিতিবোধকে কাজে লাগাতে পারলে একে অন্যের বোঝা হয়ে দাঁড়ায় না - সম্পর্কের মাধুর্য বজায় থাকে। প্রতিদিনের ছোটখাট অসুবিধা বা আচরণ হয়তো আমাদের মত অনেককেই পীড়া দেয়। কিন্তু সেগুলি থেকে মুক্তির উপায় আমরা ভাবার চেষ্টা করি না। হয়তো এটি আপাতদৃষ্টিতে দর্শনতত্ত্ব বা ভারী কথা বলে মনে হতে পারে, কিন্তু আমরা সকলেই জানি এবং আমি বিশ্বাস করি যে প্রতিটি মানুষের কোনও না কোনও দিকে স্বতঃস্ফূর্ত বিচরণের স্বাভাবিক ক্ষমতা আছে এবং সেই দিকটিকে নিয়ে চর্চা করলে আমরা দক্ষতা অর্জন করতে পারি। অথচ আমরা সেটিকে বাদ দিয়ে অত্যন্ত অপ্রয়োজনীয় কাজেকর্মে নিজেদের সময়, মন ও শক্তি খরচ করি। ফলে কোনও ব্যক্তিগত বা সামাজিক কল্যাণ হয় না। রবীন্দ্রনাথ এবং বহু মনীষী বারবারই সেটিকে স্মরণ করিয়ে দেওয়ার চেষ্টা করেছেন। আমাদের দেশে অগণিত এরকম মনীষীর জন্ম হয়েছে ও হচ্ছে, কিন্তু তাঁদের কথাগুলিকে নিয়ে কখনই ভাবার চেষ্টা করিনা। জাপানযাত্রী বইটি পড়তে গেলে মাঝে মাঝে এটিকে দর্শন শাস্ত্র বা জীবন দর্শন বলে আমার মনে হয়। প্রতিটি সমাজ, জাতি এবং ব্যক্তি বিশেষের মধ্যে যা ভাল তা সর্বকালে সকলের পক্ষেই গ্রহণযোগ্য - এই কথাটিকে বারবার এই বইয়ে নানান উদাহরণ ও ঘটনার পরিপ্রেক্ষিতে বলা হয়েছে। স্বাভাবিক বিকাশের জন্য উন্মুক্ততা ও রিক্ততা দুটির সংমিশ্রণ চাই। আড়ম্বর এক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়।

জাপানযাত্রীর পরিশিষ্টে (১১১ পৃষ্ঠায়) ধ্যানী জাপান নামে একটি প্রবন্ধ রয়েছে যেখানে রবীন্দ্রনাথ জাপানে ধ্যানের রূপ নিয়ে আলোচনা করেছেন। জীবনের প্রতিটি কাজে ধ্যান ও একাগ্রতার ফলেই জাপানীরা নিজেদের জীবনকে ও সমাজকে সংযত করতে শিখেছে- এটি মূল কথা।

'একদা বৌদ্ধধর্মের সঙ্গে সঙ্গে জাপানে ধ্যানের প্রচার হয়েছিল। দেবপূজার সঙ্গে এই ধ্যানের যোগ নেই; মনকে স্তব্ধ করা, অবহিত করা, ধৈর্য ও বুদ্ধিশক্তিকে দৃঢ় করার পক্ষে ধ্যানের উপযোগিতা সেখানে সকলে স্বীকার করে। সাধারণত জীবনযাত্রায় নৈপুণ্য ও সৌষ্ঠব সাধনের জন্যে ধ্যান একটা প্রধান উপায় একথা সাধারণ লোকেও বোঝে '।

এই অংশটি পড়লে মহাভারতের পান্ডবশ্রেষ্ঠ অর্জুনের গল্প মনে হয়। এই একাগ্রতা ও মনঃসংযোগ আশ্রমে শেখানো হোত এবং অর্জুন তাকে সম্পুর্ণ ভাবে আয়ত্ব করেছিলেন। স্বামী বিবেকানন্দের জীবনী পড়লেও আমরা এই ধ্যান ও একাগ্রতার গল্প জানতে পারি। যুগের সাথে সাথে আমাদের জীবনযাত্রা ও কর্মের পরিধি বিস্তৃত হয়েছে, তাতে অনেক জটিলতাও যুক্ত হয়েছে। এই অবস্থায় বিশেষ কোনও কাজে যখন মনঃসংযোগ ও একাগ্রতার প্রয়োজন হয়, তখনই বুঝি ধ্যানশিক্ষা কত জরুরী। এর প্রয়োজনীয়তা দিনকে দিন বাড়ছে। এইরকম ছোটখাটো ঘটনাকে তুলে ধরে রবীন্দ্রনাথ আমাদের সচেতন করার চেষ্ঠা করেছেন। বইটি পড়তে পড়তে বারবার মনে হয়েছে এটিকে নিয়ে ভাবনা চিন্তা করার সময় এসেছে। জাপান ভারত মৈত্রী বর্ষে জাপানকে আরো ভালো করে জানা এবং জাপানের কাছ থেকে আমাদের যা কিছু শিক্ষণীয় আছে তা গ্রহণ করবার ব্যাপারে আমরা যদি প্রয়াসী হই, তাহলে ' জাপান যাত্রীকে ' ফিরে দেখা খুবই গুরুত্বপূর্ণ হবে বলে আমার বিশ্বাস।

জাপানযাত্রীর এক বিমুগ্ধ পাঠক হিসেবে আমার ব্যক্তিগত অভিমত, আমরা যদি এই বইয়ের কিছু কথাকে আমাদের নিজেদের জীবনে কাজে লাগাতে পারি, তাহলে আগামীদিনের সমাজ এবং নাগরিকদের জীবনযাত্রার মান আরও উন্নত হবে এবং আমরাও সমাজের প্রতি কিছু কর্তব্য পালন করবো।

ভারতীয় দর্শন শাস্ত্রবিদ নাকামুরা হাজিমে

কল্যাণ দাশগুপ্ত

নাকামুরা হাজিমে (২৮শে নভেম্বর, ১৯১২-১০ই অক্টোবর, ১৯৯৯) নামটির সঙ্গে আমার পরিচয় স্বদেশে। কলকাতার ঢাকুরিয়া অঞ্চলে অবস্থিত যে জাপানী বৌদ্ধ মন্দিরটির খবর পাঠক পাঠিকাদের অনেকেই সম্ভবত রাখেন, সেখানেই প্রথম জনৈক বৌদ্ধ পুরোহিতের মুখে ভারতবন্ধু এই জ্ঞানান্বেষীর নাম শুনি। আরও জানতে পারি, নাকামুরা নাকি অনর্গল সংস্কৃত ভাষায় কথোপকথনে পারঙ্গম। আজীবন ভারতচর্চায় আত্মনিয়োজিত এই মানুষটির সঙ্গে টোকিয়ো শহরে বসবাসকালীন মুখোমুখি হতে পেরেছি বার দুই মাত্র, দু-বারই ভারতীয় রাষ্ট্রদূতের বাসগৃহে। সেখানে কথার আদানপ্রদান সামান্য সৌজন্য বিনিময়ের মধ্যেই সীমাবদ্ধ ছিল। টোকিয়ো শহরে প্রতি বছর নাকমুরা প্রতিষ্ঠিত প্রাচ্যবিদ্যা সংসদ কর্তৃক যে প্রাচ্যবিদ্যা সম্মেলন অনুষ্ঠিত হয়, সেখানে এক-আধ সময়ে দূর থেকে ওঁকে যা দেখতে পেয়েছি, আর তাতেই সন্তুষ্ট থাকতে হয়েছে। যতদূর খবর পাচ্ছি, তাতে মনে হচ্ছে নাকামুরা হাজিমের প্রামাণ্য কোনও জীবনী এখনও রচিত হয়নি। তদ্‌সত্ত্বেও নীচে ওঁর সম্পর্কে যেটুকু তথ্য পরিবেশন করতে সাহসী হচ্ছি, তার জন্য উপাদান জুগিয়েছে সানসেইদো প্রকাশনালয়ের জাপানি চরিত্রাভিধান এবং উইকিপেডিয়া তথা গুগ্‌লের জাপানী সংস্করণ। স্বীকার করে নিচ্ছি, গ্রন্থাদির বাংলা নাম আমারই অক্ষম অনুবাদ।

নাকামুরা জন্মেছিলেন শিমানে প্রদেশের মাৎসুএ শহরে বসবাসকারী একটি সাধারণ পরিবারে। দ্বিতীয় মহাযুদ্ধের পূর্ববর্তী শিক্ষাব্যবস্থা নিয়ন্ত্রিত উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের পাঠ শেষ করে তিনি টোকিয়ো বিশ্ববিদ্যালয়ের সাহিত্য বিভাগে প্রবেশ করেন হিন্দু দর্শন ও সংস্কৃত ভাষা সম্পর্কে জ্ঞানার্জন করতে। ১৯৪১-এ এই বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট উপাধি লাভ করে তিনি আর এক মহাজ্ঞানী বৌদ্ধদর্শনবিদ্ উই হাকুজুর নির্দেশাধীনে বৌদ্ধধর্ম ও বৌদ্ধ দর্শন চর্চায় ব্যাপৃত হন। সেই সঙ্গে অধ্যাপক কাজু. চি তেৎসুরোর স্নেহচ্ছায়ায় পাঠ নেন নীতিবিজ্ঞানের।

প্রসঙ্গত আরও একটু যে তথ্যটির দিকে পাঠক-পাঠিকাদের দৃষ্টি আকর্ষণ করতে লোভ হচ্ছে, তা হল এই যে ঠিক এ সময়েই বিশ্বময় ছড়িয়ে পড়েছে মহাযুদ্ধের আগুন। বিপ্লবী রাসবিহারী বসু তখন টোকিয়োরই অধিবাসী। সম্প্রতি নাকামুরা তাকেশি রচিত রাসবিহারী বসুকে নিয়ে লেখা যে বইটি (নাকামুরায়ানো বোসু) পুরস্কৃত হয়েছে, তাতে নাকামুরা হাজিমের উল্লেখ পাচ্ছিনা। আরও জানিনা, এর পরের দুবছরের মধ্যে কলকাতা শহরে অকারণ দুর্ভিক্ষে দশ লক্ষাধিক অনাহারী গ্রামবাসীর মৃত্যুকাহিনী তদানীন্তন জাপানে এসে পৌঁছেছিল কিনা। কিন্তু এটা নিশ্চিত যে এই বিধ্বংসী যুদ্ধেরই আবহে ভারত তত্ত্ববিদ্ নাকামুরা হাজিমে গভীর অভিনিবেশ সহকারে অধ্যয়ন করেছেন দুরূহ ভারতীয় দর্শনশাস্ত্র।

১৯৫৪ থেকে ১৯৭৪ পর্যন্ত নাকামুরা হাজিমে টোকিয়ো বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন। এর মধ্যে ১৯৭০- এ স্থাপিত হল তাঁর প্রাচ্যবিদ্যাচর্চা পরিষদ (তোওহোও-কেনকিউকাই)। এছাড়া নাকামুরা ছিলেন প্রাচ্যবিদ্যাকেন্দ্রিক অন্যান্য বহু সংস্থার জনক। জাপান-ভারত সংস্কৃতি সংস্থার তিনি ছিলেন কর্ণধার। ১৯৭৪-এ অগ্রণী হয়ে তিনি স্থাপন করেন তুলনামূলক চিন্তাধারা গবেষণা মন্ডলী, যার উদ্দেশ্য ছিল প্রাচ্য ও পাশ্চাত্য দার্শনিক চিন্তাধারার তুলনামূলক আলোচনা। বিদ্যাচর্চার এই একটি শাখায় তাঁকে সারা পৃথিবীতেই পথিকৃৎ বলে মনে করা হয়।

টোকিয়ো বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করবার পর নাকামুরা হাজিমের কাছে জাপানের অন্যান্য বহু বিশ্ববিদ্যালয় থেকে অধ্যাপনার অনুরোধ আসে। কিন্তু নাকামুরা এসব অনুরোধ প্রত্যাখান করেন। তার বদলে টোকিয়োর কান্দা অঞ্চলে স্থাপন করেন প্রাচ্যবিদ্যানিকেতন (তোওহোও-গাকুইন), যার অর্গল মুক্ত ছিল শিক্ষার্থীমাত্রেরই কাছে, যেখানে কে কোন দেশের নাগরিক, কার কত বয়েস অথবা শিক্ষাগত কি যোগ্যতা, সে-প্রশ্নকে গুরুত্ব দেওয়া হত না। নাকামুরা এটির উল্লেখ করতেন 'তেরাগোয়া' (বাংলা অনুবাদে পাঠশালার কাছাকাছি) আখ্যায়। অধ্যাপনার বর্তমান পদ্ধতি সম্পর্কে তাঁর সমালোচনা মূর্ত হয়েছিল এই বিদ্যানিকেতনে। তিনি বলেছিলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষাব্যবস্থা ভবিষ্যতেও চালু থাকলে যথার্থ বিদ্যাচর্চার সম্ভাবনা নেই।

৮৬ বছর বয়সেও লাঠিতে ভর করে সপ্তাহে একদিন নাকামুরা তাঁর তেরাগোয়ায় পড়াতে যেতেন। তাঁর এই প্রাচ্যবিদ্যানিকেতনের আদর্শ সারা জাপানে ছড়িয়ে পড়েছিল, পরবর্তীদের প্রচেষ্টায় অতঃপর ওসাকা, নাগোয়া ইত্যাদি শহরেও অনুরূপ বিদ্যানিকেতন স্থাপিত হয়। মৃত্যুর বছর খানেক আগে অবধি NHK-র শিক্ষা সংক্রান্ত অনুষ্ঠানে নাকামুরা অংশ নিয়েছেন। এ অনুষ্ঠানে নাকামুরা হাজিমে শ্রোতাদের বোঝাতে চাইতেন, বৌদ্ধধর্ম বই পড়ে শেখার বিদ্যা নয়, বুদ্ধের বাণীকে নির্ভর করে জীবনযাত্রা নির্বাহই কর্তব্য।

ভারতীয় দর্শনের বিশেষ করে যে শাখাটিকে কেন্দ্র করে নাকামুরা হাজিমের জ্ঞানান্বেষণ, তা হল বেদান্ত। ১৯৫৭-য় তাঁর প্রাথমিক পর্যায়ের বেদান্ত-ইতিহাস জাপান অ্যাকাডেমি (গাকুশিইন)-র পুরস্কার পায়। তারপর UNESCO-র তৎপরতায় ইংরিজিতে অনুবাদ হয় তাঁর প্রাচ্য চিন্তাধারা নামে গ্রন্থটি। ১৯৭৭-এ জাপানের জাতীয় সাংস্কৃতিক সম্মান সূচক পদক লাভ করেন নাকামুরা হাজিমে। জাপান সরকার তাঁকে প্রথম পংক্তির সাংস্কৃতিক সম্মানেও (কুন্ ইত্তো জু ইহোশো) ভূষিত করে।

সারা জীবনে বহু গ্রন্থ রচনা করেছেন, মূল সংস্কৃত ও পালি থেকে অনুবাদও যার অন্তর্গত। শুধুমাত্র ভারতীয় চিন্তাধারাই নয়, জাপানি, কোরিয়, তিব্বতি চিন্তাধারা সম্পর্কেও তাঁর লেখা আছে। এছাড়া আছে তিন খন্ডে ভারতের উপর লেখা ইতিহাস গ্রন্থ। জৈন ধর্মকে কেন্দ্র করে তাঁর রচনা ' চিন্তার স্বাধীনতা ও জৈন ধর্ম '। এছাড়া সাংখ্য, ন্যায়, মীমাংসা ইত্যাদি নিয়েও তাঁর লেখা আছে। আধুনিক ভারতীয় চিন্তাধারা বিষয়ক গ্রন্থও তাঁর অন্যতম রচনা।

নাকামুরা হাজিমে জাপান ছাড়াও আমেরিকার বহু বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা দিয়েছেন। তাঁর জীবনকালে তিনি সর্ব পৃথিবীতেই সর্বোচ্চস্থানীয় বৌদ্ধদর্শনবিদ্ রূপে পরিচিত ছিলেন।

আইজাক নিউটনের অনুপস্থিতিতে তাঁর পোষা কুকুরটি টেবিলে উঠে মোমবাতি উলটে দিয়েছিল বলে শোনা যায়। বৈজ্ঞানিকের অমূল্য কিছু পান্ডুলিপি তাতে ভস্মীভূত হয়। নিউটন নাকি ব্যাপারটা অবগত হয়ে শুধুমাত্র উক্তি করেছিলেন, হায়রে কুকুরটা জানেনা সে কি করেছে।

নাকামুরা হাজিমে সম্পর্কে এ লেখার পরিশেষে অনুরূপ একটি বহুজ্ঞাত কাহিনী নিবেদন করতে চাই। নাকামুরা যখন টোকিয়ো বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত, তখনই তিনি মূলত একক প্রচেষ্টায় তিন খন্ডে তাঁর ৪৫,০০০ শব্দ সম্বলিত (পরে আরও ৮০০০ শব্দ এতে সংযোজিত হয়) বৌদ্ধ ধর্মীয় পরিভাষাকোশ সংকলন করেছিলেন। এটির পান্ডুলিপি প্রকাশকের অনবধানতায় হারিয়ে যায়। ঘটনাটি নাকামুরার কানে গেলে তিনি ক্রোধ বা বিরক্তি তো দূরের কথা, সামান্য অসন্তোষও প্রকাশ না করে আবার প্রথম থেকে লেখা সুরু করে আরও আট বছরের পরিশ্রমে কাজটি শেষ করেন।

ভারতপ্রেমী মানুষ নাকামুরা হাজিমের এই ছিল পরিচয়।



নাওকি নিশিওকা

インドの風・日本の風
Kokubo Subha Chakraborty

(At my home in Japan)
By
SITA RAY

জাপানি হাইকু

স্বপ্ননীল আকাশ

মঞ্জুলিকা হানারি (দাশগুপ্ত)

সাজগোজ শেষ করে আয়নার সামনে দাঁড়িয়ে নিজেকে শেষবারের মতন খুঁটিয়ে দেখে নিচ্ছিল মল্লিকা। না সুন্দরী তাকে বলা যায় না। বিশেষ করে বাঙালীর সৌন্দর্য বিচারে। কারণ সে বেশ কালো। কাজেই সৌন্দর্য বিচারের প্রথম ধোপেই সে টেঁকেনা। কিন্তু আলগা একটা শান্তশ্রী সারা চেহারা ঘিরে থাকাতে তার দিকে চোখ পড়তে বাধ্য। আর একবার চোখ পড়লে তা ফিরিয়ে নিতে বেশ কিছুটা সময় চলে যাবেই। মিষ্টি চেহারা, মিষ্টি কথাবার্তা তার জনপ্রিয়তার মূল কারণ। তার উপর ছোটবেলা থেকে নাচ, যোগব্যায়াম করে নিজের চেহারা খানা অটুট রেখেছে। সদ্য চল্লিশ পেরিয়েও তাকে অনায়াসে তন্বী বলে চালানো যায়। সে কারণে একটু গর্বিতও যেন। আয়নায় নিজেকে দেখতে দেখতে একটা সন্তুষ্টির স্মিত হাসি ফুটে উঠল মুখে। নাঃ খুব একটা বদল হয়নি চেহারার। মেয়ের সঙ্গে বেরোলে এই সেদিনও লোকেরা দুই বোন বলে ভুল করেছে। মেয়ের কথা মনে পড়তে আনমনা হয়ে যায় সে। একটা মাত্র মেয়ে তার। বড় অল্প বয়সে বিয়ে দিতে হোল। সবেমাত্র আঠারো বছর পূর্ণ হয়েছিল। অথচ এত ভাল আর অযাচিত সম্বন্ধটা ওরা ছেড়েও দিতে পারেনি। মেয়ের তো প্রচন্ড আপত্তি। তাই দেখে মল্লিকা একটু মৃদু আপত্তি জানিয়েছিল বয়সের কথা তুলে। কিন্তু রূপক তা কানেই তোলেনি। এক কথায় তাকে নস্যাৎ করে দিয়ে বলেছিল, ' পাগল নাকি! এত ভাল সম্বন্ধ কেউ ছেড়ে দেয়? তাও আবার যেচে আসা! তা, তোমারও তো অল্প বয়সেই বিয়ে হয়েছিল, তাহলে এত আপত্তি কিসের?' মল্লিকা ঝাঁঝিয়ে উত্তর দেয়, ' হ্যাঁ, হয়েছিল। কিন্তু তা বলে এত অল্প বয়সে তো নয়? তাছাড়া তিন্নি আরও পড়তে চাইছিল। ওর কত স্বপ্ন'! তাকে কথা শেষ করতে না দিয়ে রূপক বলে ওঠে, ' তা পড়ুক না কত পড়বে। বিয়ের পরে কি আর পড়া যায় না? যায় যে তার প্রমাণ তো তুমি নিজেই। পড়াশোনার ব্যাপারে পাত্রপক্ষের কোনও আপত্তি নেই। ওঁদের সঙ্গে এ নিয়ে আমার কথা হয়ে গেছে। শুধু তাই না, নাচ গানেও আপত্তি নেই। ওঁদের ছেলে শাশ্বত তিন্নিকে কোথায় জানি নাচতে দেখে মুগ্ধ। বুঝলে তো? এবার যাও বিয়ের জোগাড় করো গে '!

মল্লিকা আর কিছু বলতে পারে নি। বয়সের জন্য তার যত না আপত্তি, তার চেয়েও বেশী আপত্তি ছিল মেয়েকে দূর দেশে পাঠাতে। বিয়ের পরেই ওরা সুইট্জারল্যান্ডে চলে যাবে। আর কি ফিরে আসবে? বিদেশে গেলে আজকাল আর কেউ ফিরে আসে না। ইচ্ছা করলেও তো মেয়েটাকে একটু চোখের দেখাও দেখতে পাবেনা। দেশের মধ্যে থাকলে তবু যা একটু সম্ভাবনা ছিল। কিন্তু কি আর করা। মায়ের মনের ব্যথা কে আর কবে বুঝেছে? মেয়ের ভবিষ্যৎ চিন্তা করে শেষপর্যন্ত চুপ করে গেছে সে। তবে তার জামাই শাশ্বত বড় ভাল ছেলে। একেবারে ঘরের ছেলের মতনই। মেয়েটা সুখী হয়েছে এই যা সান্ত্বনা। প্রায় রোজই ফোনে কথা হয়। মেয়েটার ছেলেমানুষি ভাবটা কাটেনি এখনও। ফোনের মধ্যেই যত রাগ-অভিমান। ওরা ওর কাছে যাচ্ছে না বলে কান্নাকাটি।

কতক্ষণ মেয়ের চিন্তায় বিভোর ছিল মল্লিকা জানে না। দেওয়াল ঘড়ির বাজনায় তার চমক ভাঙলো। একটা দীর্ঘশ্বাস ফেলে সে আবার তৎপর হয়ে উঠল। আজ অনেকদিন পরে কলেজের বন্ধুদের সঙ্গে দেখা হবে। সকাল থেকে মনটা তাই চনমনে হয়ে ছিল। মাঝখান থেকে তিন্নির কথা মনে পড়ে উৎসাহটা একেবারে নেতিয়ে পড়েছে। হাতে বেশী সময় নেই। গাঝাড়া দিয়ে সব ভাবনা দূরে ঠেলে ব্যস্ত হয়ে ওঠে সে। এক্ষুণি মধুশ্রী এসে পড়বে গাড়ী নিয়ে তাকে নিতে। মধুশ্রী তার ছোটবেলার বন্ধু। এক পাড়ার মেয়ে তারা। তাদের জন্মের আগে থেকে মায়েদের মধ্যে সখ্যতা। স্কুল, কলেজ,

বিশ্ববিদ্যালয় সব একসঙ্গে। মধুশ্রী তাই তার শুধু বন্ধুই নয়, তার থেকেও বেশী আপন বোনের মতন। সাংসারিক কারণে মল্লিকার কলকাতায় বেশী আসা না হলেও মধুশ্রী বেশ কয়েকবার তার কাছে ব্যাঙ্গালোরে ঘুরে এসেছে। রূপকের সঙ্গেও তার শালী-ভগ্নিপতীর মতনই সম্পর্ক। মল্লিকার শ্বশুরবাড়ীতেও সকলে মধুশ্রীকে পছন্দ করেন। গেলে পরে খুশী হন। মল্লিকার মা-বাবা থাকতে ওঁদের জন্যেও মধুশ্রী অনেক করেছে। শানু-লাবনী যে যার কাজ নিয়ে ব্যস্ত থাকে বলে তাদের বদলে সব কাজ মধুশ্রীই করেছে, তা ডাক্তারের কাছে যাতায়াতই হোক, ওষুধ আনা হোক, বা ডাক্তারের রিপোর্ট আনা হোক। মা বাবাও ওর কাছে সহজ বোধ করতেন অনেক বেশী। মল্লিকার কাজগুলি হাসিমুখে সব সে করেছে। মা তাই বলতেন, 'আমার দুটো মেয়ে - মল্লি আর শ্রী'।
মধুশ্রী বড় সহজে সকলকে আপন করে নিতে পারে।

মধুশ্রী ছাড়া আর মাত্র কয়েকজনের সঙ্গেই তার যোগাযোগ আছে চিঠিতে আর টেলিফোনে। অথচ মল্লিকা ভাবতেই পারেনা কি করে সে বন্ধুদের সঙ্গ ছাড়া এত বছর কাটিয়ে দিল। ব্যাঙ্গালোরে অবশ্যই সে অনেক ব্যাপারে জড়িত। কিন্তু তার সঙ্গে কি ছোটবেলার বন্ধুদের তুলনা হয়? স্কুল থেকে শুরু করে কলেজ, বিশ্ববিদ্যালয় পর্যন্ত সবখানেই সে ছিল সক্রিয় আর জনপ্রিয়।

তা সে ডিবেট হোক, ইউনিয়ন হোক, বা নাচ গান নাটকই হোক সবেতেই সে ছিল - সর্ব ঘটে কাঁঠালি কলার মতন। কোলকাতা থেকে ব্যাঙ্গালোরে গিয়েও ছাত্রীজীবনের স্বাদটা সে ভুলতে পারেনা কিছুতেই। সাংসারিক কাজেও কোলকাতায় আসা হয় না সহজে। বন্ধুরা অনুযোগ করে। আত্মীয়স্বজনরা না আসার কারণ নিয়ে অনেক কিছু বলেন। তার বেশীর ভাগটাই ঈর্ষার কারণে। কালো মেয়ে মল্লিকার এতভাল বিয়ে হবে তা কেউ স্বপ্নেও ভাবতে পারে নি। অনেকেই গায়ে পড়ে তার মাকে অনেক অযাচিত উপদেশ দিয়েছেন এক সময়। তাই তাদের গায়ের জ্বালাটা আরও বেশী। আত্মীয়স্বজনদের মুখ বন্ধ করা যায় না। তাই মল্লিকা বা তার বাপের বাড়ীর কেউ সে কথায় কান দেয় না। তবু গুঞ্জনটুকু তো থেকেই যায়। শ্বশুরবাড়ীর সব ঝক্কি সামলে রূপকের কাজের যে ধরণের অনিয়ম তার সঙ্গে তাল মিলিয়ে তার দিন কেটে যায় ঝড়ের মত। পারলে ২৪ ঘন্টাটাকে ৪৮ ঘন্টা করে নেয় সে। শ্বশুরবাড়ীতে তার আদর, জনপ্রিয়তার ফল এ। এসবের পর সংসার ফেলে বাপের বাড়ীতে বেড়াতে আসা খুবই মুশকিলের ব্যাপার। তবু মা,বাবা যতদিন ছিলেন মাঝে মধ্যে অল্প কদিনের জন্য ঘুরে গেছে কলকাতায়। তবে বাবা-মাই বেশী গিয়েছেন মেয়েকে দেখতে। এখন তাঁদের অবর্তমানে কোলকাতার টানটা ঠিক ততটা আর নেই। যদিও ভাইরা সব সময়ই ডাকাডাকি করে। আর সবার উপরে বেশীর ভাগ বন্ধুই এখনও কোলকাতাতেই। সে টানটা কিছু কম নয়। তবু আসা হয় না। এবারও এসেছে পাঁচ বছর পর। আসলে রূপক অফিসের কাজে বিদেশে গিয়েছে মাস খানেকের জন্য। মল্লিকারও যাবার কথা ছিল। কিন্তু কাজের চাপে রূপকের সঙ্গ সে একেবারেই পাবে না। একা একা ঘুরে বেড়াতে হবে ভেবে সে ওই সময়টা কোলকাতাতে থাকাই ঠিক করে। পুরোনো বন্ধুদের কার কি রূপ দেখবে ভেবে সে অস্থির হয়ে ওঠে। চিন্তা করতে করতে তাড়াতাড়ি সব কাজ সারছে সে। এমন সময় ডোর বেল্‌টা বেজে ওঠে। দরজা খুলতে উদ্যত চাকরকে থামিয়ে মল্লিকা নিজেই ছুটে যায় দরজা খুলতে মধুশ্রী ভেবে। দরজা খুলে চমকে যায় সে। মধুশ্রী নয়, দরজায় দাঁড়িয়ে সৌম্য চেহারার এক মধ্যবয়সী ভদ্রলোক। চেহারার মধ্যে আভিজাত্যের ছাপ। অথচ সারা শরীর ঘিরে কেমন যেন একটা আনমনা উদাসীন ভাব। ভদ্রলোকও একটু সচকিত হয়ে ওঠেন ওকে দেখে। দ্বিধান্বিত ভাবে জিজ্ঞাসা করেন,
'সায়ন বাড়ী আছে কি'?
'সানু তো কাজে কলকাতার বাইরে গেছে। ফিরবে সপ্তাহখানেক পরে'।
'ওর স্ত্রী লাবণি, সে এখনও স্কুলে '?
'হ্যাঁ তার তো ফিরতে সন্ধ্যা হয়ে যায় '।
ভদ্রলোক যেন চিন্তায় পড়লেন, কি বলবেন, কি করবেন ভেবে। একটু দ্বিধার পরে একটা খাম বার করে মল্লিকার হাতে দিয়ে বললেন 'আমার ছেলের বিয়ের নেমন্তন্ন করতে এসেছিলাম। ওরা যেন নিশ্চয়ই যায়। আমি আবার একদিন আসবো।
''আপনি '? চিঠি হাতে মল্লিকার দ্বিধা ভরা প্রশ্ন।
'আমি আসছি মোড়ের ওই ৬ নম্বর বাড়ী থেকে। নাম আমার রাজেশ্বর মৈত্র।

বাড়ীর নম্বর শুনেই চমকে ওঠে মল্লিকা। হঠাৎই তার মনে হয় ভদ্রলোকের চেহারাটা কেমন যেন চেনা চেনা। কিছু একটা প্রশ্ন করতে গিয়েও সামলে নেয় নিজেকে। ভদ্রলোকের দিকে পরিপূর্ণ দৃষ্টিতে একবার ভালো করে তাকিয়ে দেখল। বোঝার চেষ্টা করল তার অনুমান ঠিক কিনা। কিন্তু সেরকম কোনও লক্ষণ দেখতে পেল না ও তরফে। ভদ্রলোক একটু চুপ করে থেকে আর একবার চিঠিটা সায়নকে দেওয়ার অনুরোধ জানিয়ে চলে গেলেন। ওঁর যাওয়ার দিকে তাকিয়ে মল্লিকা আপন মনে বিড়বিড় করে বলতে থাকে,
' ৬ নম্বর বাড়ী। রাজেশ্বর মৈত্র। রাজেশ্বর মৈত্র নামটা কোথায় যেন শোনা। কোথায়! কোথায়!!'
আর তখনই বিদ্যুৎ চমকের মত মনে পড়ে যায় ।
' আরে, এ তো রাজাদা! রাজাদার ভাল নামই তো রাজেশ্বর মৈত্র '।
পরমূহুর্তেই অভিমান জমে ওঠে সারা মন জুড়ে। রাজাদা তাকে চিনতে পারল না। কিন্তু রাজাদাকে দোষ দিয়েই বা লাভ কী? চিনতে সে-ও তো পারে নি। এমন কি নামটা শোনার পরেও না। যে নামটা শুনলে পরে আজও বুকে কাঁপন ধরে তার, তাকে কিনা চিনতে পারল না সে! রাজাদা তার প্রথম প্রেম বা ভালবাসা। যদিও একতরফা। তাঁকে চিনতে না পারার ক্ষোভে সারাটা মন ভরে ওঠে মল্লিকার। কি করবে সে ভেবে

পায় না। নিজেকে শান্ত করতে আনমনা মল্লিকা ফিরে যায় তার সদ্য কৈশোর ছাড়ান বয়েসটাতে। তখন পৃথিবীটা ছিল রঙ-এ - রসে -গানে ভরা। আর মনটা ভরা ছিল রঙীন স্বপ্নে। পাড়াতে রাজাদা তখন তরুণদের মধ্যমণি। উঠতি বয়েসী সব মেয়ের চোখে-ই নায়ক। মল্লিকারাও সে দলের। রাজাদা যে খুব কথা বলতেন তা নয়। তবু তার চালচলনে এমন কিছু একটা ছিল যাতে সকলের মধ্যে থেকে চোখে পড়ত। রাজাদের একটা দল ছিল আট দশ জনের। ছুটির দিনে রাজাদাদের বাড়ীর বাইরের ঘরে চলতো তাদের গুলতানি। সঙ্গে থাকত গান আবৃত্তি, বাজনা। পাড়ার নানান ব্যাপারে সাহায্য করা, কারুর বিপদে বুক দিয়ে পড়া ছিল তাঁদের কাজ। ওঁদের ভরসাতেই অনেক সময় বৃদ্ধ মা বাবাকে রেখে লোকেরা শহরের বাইরে যেতে সাহস পেত। আবার পাড়ার মেয়েরাও নির্ভয়ে রাস্তায় চলাফেরা করতে পারতো। তখন পাড়ার সকলেই সকলকে চিনতেন। তাই পাড়ার ছেলেরা তো বটেই বেপাড়ার চ্যাংড়া ছেলেদেরও সাহস ছিলনা কোনও মেয়ের পিছনে লাগার। এমনই সব ছিল স্বাভাবিক ব্যাপার। মল্লিকার হঠাৎ মনে পড়লো ছোটকাদার কথা। রাজাদার বন্ধু হলেও বয়সে একটু বড় ছিলেন সকলের চেয়ে। সকলে তাই সমীহ করতো। খুব কথা বলতেন আর সব সময় মুখ ভর্তি পান। কি পান খেতেই না ভালোবাসতেন! সর্বক্ষণ মজার মজার কথা বলে হাসাচ্ছেন। মল্লিকা - মধুশ্রী আর আত্রেয়ী ছিল সর্বক্ষণের সঙ্গী। ছোটকা ওদের ডাকতেন ত্রয়ী, কখনও বা থ্রী মাস্‌কেটিয়ারস বলে। শুধু তাইই নয়, নাম মনে রাখতে পারতেন না বলে পাড়ার মেয়েদের নিজস্ব ভঙ্গীতে নাম দিয়েছিলেন। মল্লিকাকে ডাকতেন রঙ্গনা বলে। মধুশ্রী ছিল রঞ্জনা আর আত্রেয়ী নন্দনা। এমনই আরও কত নাম! দেখা হলে বলতেন - 'কোনও ছেলে পিছনে লেগে বিরক্ত করছে না তো? লাগলেই বলবি কিন্তু। কার ঘাড়ে কটা মাথা দেখবো '।

এধরণের দাদারা পাহারা দিতেন বলেই পাড়ায় শান্তি ছিল। ছোটকাদা একটা সময় গান করে বেশ নাম করেছিলেন। তখন ছিল রেডিওর যুগ। এখন টিভি-র মত সেখানে মুখ দেখা যেত না। কখনও যদি ওরা ছোটকাদাকে রেডিওতে ওর গান শোনার কথা বলেছে তো তখনই উত্তর পেয়েছে, ' আরে দূর, ওটা যে আমি সেটা তোদের কে বলল? আরে বাবা, আমার এই চেহারা আর বটর বটর শুনে আমাকে তোদের গাইয়ে বলে মনে হয়? ওটা আমি নয় রে, ওটা দাদা গাইছিল।'
বলেই হা হা করে হেসে উঠতেন। ওরা তখন তা মেনে নিয়েছে কয়েকটা কারণে। এক নম্বর কারণ রেডিওতে চেহারা দেখা যায় না। দ্বিতীয়ত ওঁর দাদাও সত্যিই ভালো গাইতেন আর ওঁর ভালো নামটা ওরা ঠিক জানতো না। পাড়ার ফাংশানে গান করতেন। তা তো পাড়ার ছেলে হিসাবে। কাজেই মল্লিকারা বহুদিন পর্যন্ত ওর আসল পরিচয়টা জানতে পারেনি। আর যবে জেনেছে যে ছোটকাদা আর গায়ক অরুনাভ গাঙ্গুলী একই লোক ততদিনে ছোটকাদা মারা গেছেন। মল্লিকার মনটা ভার হয়ে ওঠে। কি সুন্দর দিনগুলি ছিল তখন!

আর একটা জিনিস মল্লিকার মনে পড়ে যা আজকাল আর দেখা যায় না। তা হোল সারা পাড়া যেন একটা একান্নবর্তী পরিবার। একটাই পুজো হোত। পুজোর সময় চাঁদার কোনও অত্যাচার ছিলনা। প্রথম থেকে শেষদিন পর্যন্ত তা শক্ত হাতে পরিচালনা করতেন রাজাদাদের দল। কত শান্তি ছিল তখন!
তখনকার দিনে বেশীরভাগ বাড়ীই ছিল যৌথ পরিবার নিয়ে। মল্লিকাদেরও ছিল তাই। মধুশ্রীদেরও। আবার মৈত্রদের পরিবারও। রাজাদারই এক দিদির কাছে মল্লিকা যেত সেলাই আর আঁকা শিখতে। মালতীদি ছিলেন রাজাদার জ্যেঠতুত দিদি। খুব সুন্দর সেলাই জানতেন। আঁকাও শেখাতেন। মল্লিকাকে স্নেহ করতেন খুব। ওঁদের বাড়ী গেলেই একবার রাজাদার ঘরে ঢুঁ মারতো মল্লিকা। আর অবশ্যই রাজাদার অনুপস্থিতিতে। টেবিলটা একটু গুছিয়ে রাখা , কখনও একটু ফুল সাজানো। বেশীরভাগ সময়ই দুটো তিনটে চাঁপা ফুল প্লেটে রেখে আসতো। এই ধরণের পাগলামী ছিল তার। মালতীদি হাসতেন। হয়তো একটু প্রশ্রয়ও ছিল সেই সঙ্গে। রাজাদার মনোভাব সে কোনদিন বোঝে নি। উনি জানতেন কিনা তাও জানে না। ওঁর দিক থেকে রাগ বা অনুরাগ কোনটাই ছিল না বোধহয়। মাঝে মধ্যে দেখা হয়ে গেলে মৃদু হাসতেন বা হয়তো কুশল প্রশ্ন করতেন এই পর্যন্ত। মল্লিকা তাতেই কৃতার্থ হয়ে যেত। এই একতরফা ভালোবাসা নিয়ে সে কত স্বপ্নই না দেখেছে। কিন্তু তা স্বপ্নই রয়ে গেছে। একসময় রূপকের সঙ্গে তার বিয়ে হোল। কলকাতা ছেড়ে চলে গেল চিরদিনের মতন। রূপকরা বেশ কয়েক পুরুষ ধরে ব্যাঙ্গালোরে প্রতিষ্টিত। তার পর সংসারের জালে জড়িয়ে একসময় সবকিছুই চাপা পড়ে গেল। রাজাদার বিয়ের খবরটা পেয়েছিল। তারপর কবে একবার যেন শুনেছিল রাজাদার অসুস্থতার খবর আর তারপর থেকেই নাকি মাথার একটু গন্ডগোল। শান্ত মানুষটি নাকি আরোই চুপচাপ হয়ে গেছেন। কারুর সঙ্গে বিশেষ কথা বলেন না। শুধু আপন মনে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়ান। বাড়ীর লোকেরা সঙ্গ দেওয়ার জন্যে সর্বক্ষণ লোক রেখেছে। কিন্তু রাজাদা অনেক সময়ই তাকে এড়িয়ে একা বেরিয়ে পড়েন। যেমন আজ। সেই রাজাদা আজ নিজে এসেছিলেন ছেলের বিয়ের নেমন্তন্ন করতে। আর দুজনেই কেউ কাউকে চিনতে পারলো না। আশ্চর্য !!

হঠাৎ কি এক অসীম কষ্টে মল্লিকার দুচোখ জলে ভরে গেল। রাজাদা কি ইচ্ছা করে তাকে চিনলেন না? কে জানে। মল্লিকা চেষ্টা করে এই ধাঁধার মীমাংসা করতে। কিন্তু কিছুতেই বুঝে উঠতে পারে না। বাইরে গাড়ীর হর্ণ শোনা গেল। মধুশ্রী এসে পড়েছে। চোখের জল মুছে ব্যাগ হাতে মল্লিকা তাড়াতাড়ি বাইরে বেরিয়ে এল ॥

বিচ্যুতি

শঙ্কর বসু



সকালবেলায় অফিসের কাগজপত্র রাখতে গিয়ে দেরাজের কোণা থেকে বেরোলো খামটা - বেশ হলুদ হয়ে গেছে, খানিকটা আরশোলার উদরস্থও হয়েছে দেখে মনে হলো। আলগোছে খামটা খুলতেই বেরোলো বেশ রংচটা একটা ছবি, সঙ্গে কিছু কাগজপত্র। বেশ কিছুক্ষণ এক দৃষ্টে তাকিয়ে থাকার পর অনিরুদ্ধর ডাউন মেমারী লেনের আলো জ্বলে উঠলো। কি যেন নাম ছিলো ছেলেটার? ও হ্যাঁ সিম্বো রোপু..... আর ওর বউ এর নাম কি যেন ? নাঃ আর মনে পড়ে না। একটা কাগজের দিকে তাকিয়ে বুঝলেন এ তাঁরই হাতে লেখা চিঠি ঐ ছেলের উদ্দেশ্যে ভাঙ্গা হিন্দীতে। কে এক ডাক্তারকে উদ্দেশ্য করেও কিছু পরামর্শ আর ওষুধের নাম লেখা ডাক্তার বন্ধু সুমিতের লেটার হেডে। ব্যাপারটা উপলব্ধি করতে বেশ খানিকটা সময় লাগলো অনিরুদ্ধর। এ তাঁরই লেখা চিঠি প্রায় বিশ বছর আগে, কিন্তু তা ডাকবাক্সে না ফেলে এই দরাজের কোণে পড়ে থাকার রহস্য কি - এটা বেশ চিন্তায় ফেললো বার্লিন কেমিক্যালস এর দায়িত্বশীল চীফ সায়েন্টিস্ট অনিরুদ্ধ দত্তকে। অমিতার তাড়া খেয়ে ব্রীফকেসের কোণে খামটা টুক করে ফেলে উঠে দাঁড়ালেন - নাঃ আর দেরী চলবে না। অফিসে আজ অনেকগুলো জরুরী রিপোর্ট ফাইনাল করতে হবে। সামনের সপ্তায় ব্যাঙ্ককে একটা বিজনেস মিটিং এর আগে এগুলো শেষ করা দরকার।

সকালের দিকে একটা হাল্কা অন্যমনস্কতা ছেয়ে রইলো। ঘটনাগুলো মনে মনে সাজানোর চেষ্টা করছেন - ভাবলেন প্রণবদাকে একটা ফোন করবেন। কিন্তু সে তো আবার ফ্রান্সে কোন এক সেমিনারে আলো করে বসে আছে। দুপুর একটা নাগাদ চায়ে চুমুক দিতে দিতে হঠাৎই মনে পড়ে গেল কুস্তাহারির কথা। ঠোঁটের কোণে আলতো হাসির ছায়া মিলিয়ে গেল অনিরুদ্ধর, বেশ খানিকটা আস্থাও ফিরে এল নিজের ওপর। হুঁ- কুস্তাহারি ... সিম্বো ... পারিয়া... ঠিকই প্রায় বিশ বছর আগেকার কথা।

'ইখানে আকাশের রঙ বড়ো নীল গো বাবু' হুবহু জহর রায়ের মত গলা করে প্রণবদা বললেন হাঁটতে হাঁটতে। পাহাড়ী পথের দুধারে হাল্কা সবুজের মাঝে মাঝে পলাশের রক্তিম ছটা। আকাশের নীল বড়ো তীব্র। প্রণবকে সঙ্গে নিয়ে অনিরুদ্ধ পাড়ি জমিয়েছিলেন ওড়িশার এই অখ্যাত পাহাড়ে। একটা পুরোনো আর্টিকলে দুষ্প্রাপ্য এক ভেষজের কথা লিখেছিলেন এক ব্রিটিশ সাহেব। প্রায় হারা উদ্দেশ্যে কপালঠুকে বেরিয়ে পড়েছিলেন গবেষক অনিরুদ্ধ। সিনিয়র প্রণবদাকে রাতারাতি রাজী করিয়ে হাজির হয়েছিলেন টিটলাগড়ের এই অজানা

অচেনা পাহাড়ে। স্টেশনের কাছে ভাঙাচোরা ডাকবাংলোয় সুটকেশগুলো নামিয়েই হাঁটা লাগিয়েছিলেন ধোলামুন্ডিয়ার সন্ধানে। খানিকটা ঝোঁকের মাথায় চলে এলেও হাঁটতে হাঁটতে বুঝতে পারছিলেন কাজটা খুব একটা সোজা হবে না। প্রণবদাকে সেই উদ্বেগের আঁচ না দিয়ে বেশ ফুরফুরে মেজাজে শিষ দিতে দিতে পায়ে পা মেলাচ্ছিলেন অনিরুদ্ধ। ঘন্টা তিনেক হাঁটাহাঁটি করে যে লোকালয়ে এসে পড়লেন তা একেবারে গন্ডগ্রাম- দেখে মনে হলো পথের বাঁকে হাতির পাল দাঁড়িয়ে থাকতে দেখলেও আশ্চর্য হবার কিছু নেই।

'কিরে কিছু জিজ্ঞেস করবিতো, না কি শুধু হাঁটতেই থাকবি'? কথাটা মন্দ বলেনি প্রণবদা। একটা একচালা দোকান গোছের কিছুর দিকে এগোতে বেশ কিছু লোক চারপাশে জড়ো হয়ে গেল। ভাঙা হিন্দি আর ইংরেজীতে কিছু কথা চালাচালির মধ্যে একজন বয়স্ক লোক এগিয়ে এসে পরিচয় দিলেন প্রাইমারী স্কুলের টিচার বলে। একটু আধটু হিন্দী আর ইংরেজী এর আয়ত্বের মধ্যে সেটা বেশ একটা স্বস্তির কারণ বলে মনে হোল দিশেহারা দুই শহুরে বাবুর। খানিকটা আশা নিয়ে অনিরুদ্ধ দেখালেন সেই বিস্মৃতপ্রায় গাছের ছবি, বললেন তার আশ্চর্য গুণের কথা। তা মাস্টারমশায়ের মুখ দেখে মনে হোল না এমন কথা কখনো শুনেছেন। তবু বাবুদের নিরাশ না করে ইশারায় একটা রোগাটে ছেলেকে ডেকে কি সব বললেন যা দুই বন্ধুর বোধগম্য হোল না। মাস্টারমশাই এবার যা বললেন তার সারবত্তা হোল যে এই ছোকরা সিম্বো, পাহাড়ে পাহাড়ে ঘুরে বেড়ায়, কোনও কাজের নয়। ও হয়তো বাবুদের রাস্তা দেখিয়ে নিয়ে যেতে পারে। বদলে ওকে দুচার টাকা সাহায্য টাহায্য এই আর কি .... । আপত্তির কোনও কারণ এবং দ্বিতীয় কোনও রাস্তা না থাকায় দুই বন্ধু সিম্বোর অনুগামী হলেন। দুএকটা কথায় বোঝা গেল এছেলে ওড়িয়া ছাড়া আর কোনও ভাষায় কথা বলতে পারেনা। ইশারায় একটু আধটু যা বুঝলেন এরা এই কুস্তাহারি গ্রামে প্রায় দুর্ভিক্ষের মধ্যে টিঁকে আছে গাছপালা শেকড় বাকড় খেয়ে। ফসল এবার একটু ভাল হয়েছে, তাই কিছুদিন অন্ততঃ না খেয়ে মরার সভাবনা নেই। ঘন্টাখানেক পাক্‌দন্ডী বেয়ে প্রায় দুপুর দুটো নাগাদ ওরা যেখানে এসে পৌঁছলেন। তারপর আর রাস্তা নেই- সামনে হাঁ করে আছে অতল খাদ। সেই ছোকরা ওখানে এসে পাথরে পা ছড়িয়ে বসে ঘাসের ডাঁটি চিবুতে লাগলো। দুই বন্ধু তো হতবাক! ঘন্টা চারেকের একটানা হাঁটা, খিদে-তেষ্টা আর আশাভঙ্গের যন্ত্রণায় অনিরুদ্ধ অত্যন্ত বিরক্ত ছিলেন - এ ছেলের উদ্দেশ্য কি? 'প্রণবদা, এটাকে ঠেলে খাদে ফেলে দিই'? প্রণবের সাড়া না পেয়ে ঘুরে তাকাতেই অনিরুদ্ধ অবাক হলেন। খানিকটা দূরে উবু হয়ে মাটিতে বসে প্রণব কি যেন মন দিয়ে দেখছেন। 'অনি শিগগীর আয়' কাছে যেতেই বিস্ময়ে চোখ ছানাবড়া হয়ে গেল অনিরুদ্ধর। এ কি সত্যি! ঝোপের মধ্যে ইতিউতি খাড়া হয়ে দাঁড়িয়ে আছে কালচে সবুজ পাতাওয়ালা সেচিলেস জিংগোয়েল - যার প্রায় নিরানব্বই শতাংশ বিলুপ্ত পৃথিবী থেকে। একটা শিহরণ চলে গেল মাথা থেকে পা হয়ে। ভালো করে নমুনা সংগ্রহ করে জায়গাটার একটা মানচিত্র বানিয়ে দ্রুত ফিরে চললেন দুই গবেষক কলকাতার উদ্দেশ্যে। ফেরার পথে সিম্বোর হাতে কড়কড়ে একশো টাকার একটা নোট গুঁজে দিতে অবশ্য ভোলেননি অনিরুদ্ধ এবং তা নিতে আপত্তিও করেনি ছেলেটা।

নতুন আবিষ্কার আর তার প্রয়োগের গবেষণায় খ্যাতি জুটেছিলো অনিরুদ্ধের। বেশ কিছু গবেষণাপত্র মায় তালবুঝে একটা ভালো চাকরীও জুটে গিয়েছিলো। আরও কিছু নমুনা সংগ্রহের জন্য পরের বছর এক জার্মান সাহেবকে বগলে করে অনিরুদ্ধ আবার হাজির হয়েছিলেন কুস্তাহারিতে। গোটা আবিষ্কারের গল্পটা সাহেবকে বলার পর সেই সাহেব সিম্বোর মুখ দেখে বিড়বিড় করে শুধু বলেছিলেন অ্যামেজিং , অ্যামেজিং। বেশ খানিকটা হাল্কা মেজাজে সিম্বোর বাড়ীর দাওয়ায় বসে সাহেবের সঙ্গে বাৎচিত চলছে এমন সময়ে সিম্বোর পেছনে পেছনে একটা দুবলা, পাতলা, শ্যামলা মেয়ে এসে এদের সামনে দাঁড়ালো চায়ের গ্লাস হাতে নিয়ে। একটু অপ্রস্তুত হলেও অনিরুদ্ধ বুঝলেন মেয়েটি সিম্বোর ঘরণী। বেশ অবাক করে দিয়ে পরিষ্কার হিন্দীতে মেয়েটি জানালো যে ও পারিয়া -সাত মাস আগে সিম্বোর সাথে ওর বিয়ে হয়েছে। তা এমন মিলনান্তক দৃশ্য দেখে সাহেব তো খুব খুশী- ফস্ করে একজোড়া একশো টাকার নোট সিম্বোর হাতে ধরিয়ে দিয়ে আবদার করলেন নবদম্পতির একটা ছবি নেবেন। ব্যাস ছবিতোলার কথায় মিয়াবিবির কি প্রাণপণ তোড়জোড়। আধঘন্টা বাদে নতুন জামাকাপড় পরে চুল আঁচড়ে একেবারে শবর শবরী। বেশ খানিক্ষণ কেটে গেছে, ওরা ওঠবার তোড়জোড় শুরু করেছেন - এমন সময়ে অনিরুদ্ধ আড়চোখে লক্ষ্য করলেন দুরে তেঁতুলগাছের তলায় দাঁড়িয়ে কি যেন শলা পরামর্শ চলছে মিয়াবিবির। চোখে চোখ পড়াতে সিম্বো এসে অনিরুদ্ধের সামনে মাথা নীচু করে দাঁড়িয়ে নখ দিয়ে মাটি খুঁড়তে লাগলো। 'সিম্বো কিছু বলবে '? সিম্বো মাথা না তুলে ঘাড় নেড়ে ওর ঘরের দিকে হাত দেখালো। খানিকটা কৌতুহলের বশে ঘরে ঢুকেই অনিরুদ্ধ বুঝলেন ব্যাপারটা গুরুতর। সমস্যাটা খুব একটা নতুন নয় - এই দম্পতি সন্তান চায় কিন্তু কি একটা সমস্যা আছে পারিয়ার। ওরা ব্লকের হেলথ সেন্টারে গিয়েছিলো, সেখানকার ডাক্তারবাবু বলেছেন একটা অপারেশান করতে হবে। সিম্বোর বদ্ধমূল ধারণা ওর বউ নির্ঘাৎ মরে যাবে। আবার এই সমাজে নিঃসন্তান হওয়া খুবই লজ্জা আর অপমানকর। সিম্বো আর পারিয়া যে সামাজিকভাবে খানিকটা বিচ্ছিন্ন তা এদের আহত চেহারায় স্পষ্ট উপলব্ধি করতে পারলেন। সিম্বোর কলকাতায় আসার প্রবল বাসনাকে প্রশমিত করে সাহায্যের প্রতিশ্রুতি দিয়ে পুরো মেডিক্যাল হিস্ট্রির একটা পুঙ্খানুপুঙ্খ বিবরণ লিখে আনলেন ডাক্তার বন্ধু সুমিতের জন্য। তা সত্ত্বেও তাৎক্ষণিক কোনও সমাধানসূত্র বার করতে না পেরে একটু অসহায় বোধ করছিলেন অনিরুদ্ধ। তারপর যা হয়েছিলো অনিরুদ্ধ এবার ছবির মতো দেখতে পাচ্ছেন - লোভনীয় চাকরী, দ্রুত মনস্থির করা এবং অবিলম্বে তল্পিতল্পা গুটিয়ে আমেরিকা যাত্রা। কর্মকান্ডের এই ঝড়েও সিম্বোর ঘটনাটার একটা সুরাহা

করেছিলেন - সুমিতের পরামর্শ সমেত কিছু কাগজপত্র আর সাহেবের তোলা ফোটোগ্রাফ খামস্থ হয়েছিলো ঠিকই, কিন্তু ব্যাস ওই পর্যন্তই .... বাকীটা এখন বুঝতে পারছেন।

কুড়ি বছর আগের একটা আলগা বিচ্যুতি এমনকিছু বিবেক দংশনের কারণ হতে পারে না। তবু অনিরুদ্ধর কোথাও যেন একটা বেসুরো ঠেকছিলো। একটা সফল পরিতৃপ্ত জীবনের প্রায় অপরাহ্নে এসে এমন একটা ছোট ভুলও মেনে নিতে অসুবিধে লাগছিলো। রাতে খাবার টেবিলে অমিতারও ব্যাপারটা নজর এড়ায়নি। দিন দুই কাজের প্রচন্ড চাপের মধ্যেও ব্যাপারটা মাঝে মাঝে উঁকি দিয়ে যাচ্ছিল। ব্যাঙ্কক থেকে ফিরে পরের সপ্তায় প্রণবের ফোন পেয়ে অনিরুদ্ধ মনস্থির করে ফেললেন। 'প্রণবদা যাবে নাকি এ্যাডভেঞ্চারে '? এই ধরণের কাজে প্রণবের উৎসাহ যে বাড়াবাড়ি রকমের এ বিষয়ে কোনও সন্দেহ ছিলোনা অনিরুদ্ধের। তিনদিন পর শনিবার রাতে ট্রেনের কামরায় বসে খুব সংক্ষেপে প্রণবকে গোটা ব্যাপারটা বুঝিয়ে বললেন অনিরুদ্ধ। ' সে কি তাদের মনে আছে? তাও চল দেখা যাক ' প্রণবদার আপাত গা-ছাড়া মনোভাবের আড়ালে চাপা উৎসাহ অনিরুদ্ধর দৃষ্টি এড়ায়নি।

রাতের হাল্কা বৃষ্টির পর ধোলামুন্ডিয়ার ধোওয়া মোছা ছবিটা যেন কুড়ি বছর আগের সেই সময়টাকে মনে করিয়ে দেয়। গ্রামে যেতে গেলে এখন ট্রেকার মেলে, পথে দুচারটে মোটর বাইকও চোখে পড়লো। আধুনিক জীবনের ব্যস্ততার ছাপ এই পলাশতলীতেও পড়েছে - একথা বুঝতে কোনও অসুবিধে হোলনা। গ্রামের যত কাছে আসতে লাগলেন, একটা অনিশ্চয়তার দোলাচল চলতে লাগলো অনিরুদ্ধর। প্রায় ঘন্টাখানেক জিজ্ঞাসাবাদের পর খোঁজ মিললো সিম্বোর - সে এখন ঘর বেঁধেছে তেড্ডাশা গাঁয়ে - সেখানে পৌঁছতে বেলা প্রায় গড়িয়ে গেল। একটু অস্বস্তি পেয়ে বসছিলো অনিরুদ্ধর - কিভাবে রিঅ্যক্ট করবে কে জানে? প্রণবের মুখ দেখেও কিছু বোঝা যাচ্ছেনা। পকেটে হাত ঢুকিয়ে রঙচটা ফোটোগ্রাফটার অস্তিত্ব অনুভব করলেন। হাতের তালুতে বিন্দু বিন্দু ঘাম। মাটির দাওয়ায় কাঁচাপাকা চুলের বসে থাকা মানুষটাকে সিম্বো বলে চিনতে খুব অসুবিধে হোলনা। দুয়েকটা কথা চালাচালির পর এটুকু বোঝা গেল যে এ লোক এঁদের চিনতে পেরেছে। প্রণবদা হাল্কা কথাবার্তা চালালেও অনিরুদ্ধর সংকোচটা কিছুতেই কাটছিলোনা - ঠিক কিভাবে কথাটা পাড়বেন। এখন মনে হচ্ছে কি দরকার ছিলো ঝোঁকের মাথায় এভাবে চলে আসার। চটক্‌টা ভাঙলো একটা ছেলেকে এগিয়ে আসতে দেখে। ' মোর পিলা অছি বাবু ' সেকথা সিম্বো না বললেও আন্দাজ করতে অসুবিধে হোত না। এতো কুড়ি বছর আগের সিম্বোরই প্রতিচ্ছবি। তবে কি? ..... অনেক কিছু প্রশ্ন মুখে এসে গিয়েছিলো কিন্তু কিছু বলার আগে সেই পিলা সিম্বোর ইশারায় ঘরের ভেতর দিকে চলে গেল। খানিকবাদে রঙিন শাড়ী পরা এক দেহাতী মহিলাকে আসতে দেখে অনিরুদ্ধ রক্তচাপ অনুভব করলেন। 'মোর বিবি' - সিম্বোর কথার প্রত্যুত্তরে ফস করে 'পারিয়া' কথাটা অনিরুদ্ধর মুখ থেকে বেরিয়ে এল। সিম্বো বোধহয় কিছুটা আন্দাজ করতে পেরেছে। ' এ লখি অছি - মোর বুধুয়ার মা ' - ও, এ তাহলে সিম্বোর দ্বিতীয় বা তৃতীয় পক্ষ! কিন্তু পারিয়ার কি হোল? তবে কি খুব খারাপ কিছু। নাঃ আর ভাবতে পারছেন না। খানিকক্ষণ পরে দূরে মাঠের দিকে তাকিয়ে হাল্কা সুরে সিম্বো যা বললো তার মানে দাঁড়ালো পারিয়া ঐ দূরে কোথাও চলে গেছে। খানিকটা আবেগের বশে সিম্বোর দুহাত ধরে কিছু বলতে গিয়ে অনিরুদ্ধ বুঝতে পারলেন সিম্বোর দৃষ্টি এখনো মাঠের থেকে সরে নি। একটু ধাতস্থ হয়ে সিম্বোর দিকে তাকাতেই সিম্বো এবার মুখ ফিরিয়ে হাসলো। ' কি যে বলেন বাবুরা - পারিয়া পিলা দিতে পারলো না তো আপনার দোষ হয়ে গেলো - এ কথা শুনে ধোলামুন্ডিয়ার বাচ্চারাও হাসবে'। উকে সুরুপতির হাতে দিয়ে দিলাম আর লখিকে শাদি করলাম '। এতে ভুল কি হোল এতো সিম্বোর মাথায় ঢুকছেনা। কথার মাঝখানে বুধিয়ার মা তিনটে চায়ের গেলাস দাওয়ায় রেখে গেল। বেশ অনেকক্ষণ চুপচাপ.... তিনজনের দৃষ্টি মাঠের দিকে। মাঝে মাঝে চায়ের সুরুৎ সুরুৎ শব্দ।

এমন একটা ঘটনার এমন আবেগহীন পরিসমাপ্তি দুই বন্ধুর কেউই ভাবতে পারেননি। 'কি বোকা বোকা হোল বলো তো ব্যাপারটা ' প্রণবের দিকে কথাটা ছুঁড়ে দিয়ে বুঝলেন ঠিক কথাটা বলা হোলনা। বিকেলের পড়ন্ত আলোয় ট্রেকারের অপেক্ষায় দাঁড়িয়ে থাকতে থাকতে পকেট থেকে অনিরুদ্ধ বার করলেন সেই পুরোনো ফোটোগ্রাফখানা। প্রায় না করা একটা ভুলের প্রায়শ্চিত্ত এত সহজে হয়ে গেল ভাবতে ভাবতে অন্যমনস্ক হয়ে ছবিটা ছিঁড়ে ফেলতে গিয়েও থেমে গেলেন। থাক না, থেকে যাক না কুড়ি বছরের পুরোনো একটা লজ্জার মুহূর্ত অনিরুদ্ধ দত্তর 'কীর্তিময় যশময় জীবনের শিরোপাগুলোর একপাশে। পকেটে হাত ঢুকিয়ে ছবিটা রাখতেই শুনতে পেলেন প্রণবের ডাক - ' চল ট্রেকার এসে গেছে ' ।।

ইযু-র নর্তকী

(সাহিত্যে নোবেল পুরস্কার বিজয়ী ইয়াসুনারী কাওয়াবাতার "ইযু নো ওদোরিকো র" সংক্ষিপ্ত অনুবাদ)

রুমা গুপ্ত

স্কেচ - রণি গুপ্ত

পাহাড়ে সীডার গাছের বনে ফোঁটা ফোঁটা বৃষ্টি শুরু হয়েছে। আমি যতটা সম্ভব দ্রুত পা চালিয়ে দিলাম আঁকাবাঁকা পাহাড়ী পথ লক্ষ্য করে। ঊনিশ বছরের জীবনে এই প্রথম একা ইযু উপদ্বীপ ভ্রমণে বেরিয়েছি। পরণে ছাত্রদের পোষাক। গাঢ় রঙের কিমোনো, মাথায় স্কুলের টুপি, কাঁধে বই-এর ব্যাগ, পায়ে কাঠের উঁচু খড়ম। উপদ্বীপের মধ্যাঞ্চলে কয়েকটি উষ্ণ প্রস্রবণে ইতিমধ্যে তিন রাত কাটিয়েছি। টোকিওর বাইরে আজ আমার চতুর্থ দিন। এবার আমাগি গিরিপথ অতিক্রম করে যাব ইযু-র দক্ষিণ দিকে।

শরতের ইযু ভারী চমৎকার। দূরে সারিসারি পাহাড়ের গায়ে বিস্তীর্ণ বনানীর শোভা অতুলনীয় হয়ে উঠেছে নানা রঙের সমাবেশে। নীচে গভীর উপত্যকা। সব মিলিয়ে এক অপরূপ পরিবেশ। তবে আজ আমার পথ চলার প্রধান আকর্ষণ রূপসী প্রকৃতি নয়, একটি প্রত্যাশা। বৃষ্টির তেজ বাড়তে দেখে ছুটতে শুরু করলাম। গিরিপথের মুখে একটি চায়ের দোকান। ভাবিনি এখানেই ওদের দেখা পাব।

নর্তকীদের দলটি চায়ের দোকানে বসে বিশ্রাম নিচ্ছে। ছোটখাটো চেহারার নর্তকী মেঝেতে বসে আছে একটি

আসনের উপর। আমাকে দেখেই সেটি বিনীতভাবে এগিয়ে দিল। কিছুটা উত্তেজনা, কিছুটা সংকোচ - আমার মনের এক অদ্ভুত অবস্থা। মেয়েটির ভদ্রতার উত্তরে বিড়বিড় করে যা বলে বসলাম, সেটা মোটেই উপযুক্ত হল না। তারপর আমাকে কাঁপা হাতে সিগারেট ধরাতে দেখে এগিয়ে দিল একটি ছাইদান। এবারও ঠিক করে ধন্যবাদ জানাতে ব্যর্থ হলাম।

মেয়েটির বোধহয় বছর ষোল বয়েস। পুরোনো স্টাইলে মাথার উপর উঁচু করে বাঁধা চুল। ডিম্বাকৃতির সুডৌল শান্ত মুখখানার তুলনায় খোপাটি বেশ বড়, তবে বেমানান নয়। ছবিতে প্রাচীনকালের সুন্দরীদের কেশসজ্জায় যে আতিশয্য দেখা যায়, কিছুটা যেন সেইরকম। সঙ্গে রয়েছে আরও দুজন নর্তকী, চব্বিশ পঁচিশ বছরের একজন যুবক আর কড়া চেহারার বছর চল্লিশের এক মহিলা। সম্ভবত ইনিই দলের নেত্রী।

ছোট নর্তকীকে এর আগে দুবার দেখেছি। প্রথমবার, ইয়ু উপদ্বীপের মধ্যাঞ্চলে লম্বা একটি সেতু পার হওয়ার সময়। ওর কাছে ছিল একটি ড্রাম। সঙ্গে অন্য দুজন নর্তকী। সেদিন ওদের পিছনে ফেলে এগিয়ে যাওয়ার পরও বার বার ফিরে তাকিয়েছি। ভ্রমণের আকর্ষণ কয়েকগুণ বেড়ে গিয়েছে।

দ্বিতীয় সাক্ষাৎ গতকাল রাত্রে। মেয়েটি তখন সরাইখানায় নাচ দেখাচ্ছিল। মনে মনে ভেবেছি, আগামীকাল ইউগানো যাওয়ার পথে পনেরো মাইলের মধ্যে কোথাও না কোথাও আবার দেখা হবে। সেই প্রত্যাশাতেই আজ পাহাড়ী পথে বৃষ্টি উপেক্ষা করে দ্রুত হেঁটে এসেছি। তবে ভাবিনি চায়ের দোকানেই দেখা পাব। আমার ধাতস্থ হতে একটু সময় লাগলো।

এই দোকানটির মালিক একজন বৃদ্ধা। তিনি এসে আমাকে যে ঘরে নিয়ে বসালেন সেখান থেকে নীচের গোটা উপত্যকাটি নজরে আসে। ততক্ষণে আমার গায়ে কাঁপুনি দিতে শুরু করেছে। বৃদ্ধা গরম চা নিয়ে ফিরে এলে তাঁকে জানালাম আমার শীত করছে।
'করবে না? ভিজে যে একশা! এদিকে এসো, জামাকাপড় শুকিয়ে নাও। ' বৃদ্ধা নিয়ে গেলেন আরেকটি ঘরে। সেখানে এক কোণে আগুন জ্বলছে। সেই আগুনের পাশে বসে কিমোনো শুকিয়ে নেওয়া গেল ঠিকই, কিন্তু তাপে মাথা গেল ধরে।
কানে এল বৃদ্ধা নর্তকীদের সাথে গল্প জুড়েছেন।
'আরে এই সেই মেয়ে! এত বড় হয়ে গেছে! দেখতেও তো ভারী মিষ্টি! সত্যি, মেয়েরা যে কত তাড়াতাড়ি বড় হয়ে ওঠে!'

ঘন্টাখানেক পর টের পেলাম নর্তকীদের দলটি আবার রওনা হওয়ার তোড়জোড় করছে। আমি নড়ে চড়ে বসলাম। কিন্তু সাহস করে এগিয়ে গিয়ে যে ওদের সঙ্গ নেব, তা পারলাম না। অস্থির মনে বসে রইলাম আগুনের পাশে। নিজেকে বোঝানোর চেষ্টা করলাম, মেয়েমানুষ, কত আর জোরে হাঁটবে। এক আধ মাইল এগিয়ে যদি যায়ও, পা চালালে ঠিক ধরে ফেলব। আমার মনটা তখনই যেন নাচতে নাচতে ওদের সঙ্গে রওনা দিল।
'রাত্রে ওরা কোথায় থাকবে জানেন? বৃদ্ধাকে জিজ্ঞেস করলাম।
'তা কি করে বলব? নাচিয়ে দল, যেখানে নাচ দেখিয়ে পয়সা পাবে সেখানেই থাকবে।' মন আনন্দে টগবগ করে উঠল। ভাবলাম, তাই যদি হয়, ছোট নর্তকী আজ রাতে আমার ঘরেই থাকবে।

বৃষ্টির তেজ কমে এসেছে। পাহাড়ী পথের ওপরে আকাশ পরিষ্কার হয়ে আসছে। যদিও বৃদ্ধার ধারণা মিনিট দশেকের মধ্যে বৃষ্টি পুরোপুরি থেমে যাবে, তবু আমি আর অপেক্ষা করলাম না।
'দাঁড়াও, দাঁড়াও,' বৃদ্ধা ছুটে এলেন পিছন পিছন। 'এত বেশী দিচ্ছ কেন?' চায়ের দাম বাবদ আমি নাকি বেশী পয়সা দিয়ে ফেলেছি। বাড়তি পয়সা ফেরৎ দেওয়ার জন্য বৃদ্ধা অনেক পীড়াপীড়ি করলেন, বই-এর ব্যাগ টেনে ধরে আমাকে থামানোর চেষ্টা করলেন। শেষে হাল ছেড়ে দিয়ে বললেন, 'এর একটা প্রতিদান তোমার পাওনা রইল। ফেরার পথে এস কিন্তু, ভুলে যেও না।'
পাহাড়ী পথ এবার সুড়ঙ্গের মধ্যে ঢুকছে। আমাকে এই পর্যন্ত এগিয়ে দিয়ে বৃদ্ধা ফিরে গেলেন । সুড়ঙ্গ পার হওয়ার পর সরু পথটি বিদ্যুতের ঝিলিকের মত এঁকেবেঁকে নীচে নেমে গিয়েছে। একপাশে সাদা রেলিং। নর্তকীদের দেখতে পেলাম। মাঝখানে মাত্র আধ মাইলের ব্যবধান, অনায়াসেই পুরিয়ে নেওয়া গেল, কিন্তু সংকোচ হোল পাশাপাশি হাঁটতে। না দেখার ভান করে পাশ কাটিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করছি, তখনই দলের পুরুষ সদস্যটির নজরে পড়ে গেলাম।
'খুব তাড়াতাড়ি হাঁটেন দেখছি? ভাগ্যিস বৃষ্টিটা থেমেছে।'
যাক্ কথা বলার অছিলায় নর্তকীর কাছাকাছি থাকা যাবে। পুরুষটির পিঠে একখানা বেতের বাক্স। বয়স্কা মহিলার হাতে একটি কুকুর ছানা, দুই তরুণী নিয়েছে দুটি পোঁটলা আর ছোট নর্তকীর কাছে আজও সেই ড্রাম।
'হাইস্কুলে পড়ে বোধহয়' - তরুণীদের একজনকে আমার সম্বন্ধে মন্তব্য করতে শুনে যেই পিছন ফিরে তাকিয়েছি, অমনি সে খিলখিল করে হেসে উঠলো।
'সেটা বোঝা এমন কি আর কঠিন' ছোট নর্তকী জবাব দিল।
পুরুষটি জানাল, ওরা এসেছে ইয়ু দ্বীপপুঞ্জের ওশিমা থেকে। সারা বসন্তকাল ইয়ু উপদ্বীপ ঘুরে নাচ দেখিয়ে শীত পড়তে শুরু করায় বাড়ীর দিকে রওনা হয়েছে, কারণ সঙ্গে গরম জামাকাপড় নেই। তবে পথে কয়েকদিন শিমোদায় কাটানোর ইচ্ছা। আড় চোখে তাকালাম উঁচু খোপা আর ছোটখাটো শরীরটির দিকে। আরও যেন আকর্ষণীয় লাগল। কথা শুরু হল ওশিমা নিয়ে।
'ওশিমায় বহু ছাত্র সাঁতার কাটতে আসে জান?' নর্তকীর প্রশ্ন পাশের তরুণীকে। পিছন ফিরে জানতে চাইলাম, ' গরমের সময় নিশ্চয়ই?'
' না , না শীতকালেও ', জবাব এল সঙ্গে সঙ্গে, কিন্তু খুব নীচু স্বরে।

'শীতেও?'
এবার নর্তকীর নিজেরও যেন সংশয় হচ্ছে। অপ্রস্তুত হয়ে হাসল একটু।
' সাঁতার কাটতে বুঝি শীতকালেও যায় ' আমি আবার জিজ্ঞেস করলাম। নর্তকীর মুখ লজ্জায় লাল। সে সামান্য ঘাড় নাড়ল।
' এ্যাই তোর কি মাথা খারাপ?' হেসে উঠলেন বয়স্কা মহিলা।

ছ সাত মাইল দূরে ইউগানো। সারি সারি টালির ছাদের বাড়ি। নদীর পাশ দিয়ে চলেছে পথ। ইতিমধ্যে পুরুষটির সাথে বন্ধুত্ব বেশ গাঢ় হয়ে উঠেছে। আমিও শিমোদায় যাব শুনে খুব খুশী। একটা পুরোনো গোছের সরাইখানার সামনে এসে বয়স্কা মহিলাটি যেই আমাকে বিদায় জানাতে গিয়েছেন, তখনই পুরুষটি বলে উঠল, ' উনি আমাদের সঙ্গে যাবেন'।
'ও তাই বুঝি! যাত্রাপথে ভাল সঙ্গী পাওয়া ভাগ্যের ব্যাপার। চলুন সরাইখানায় ঢুকে বিশ্রাম নিই '।
উঠে গেলাম সোজা দোতলায়। জীর্ণ তাতামি মাদুরের মেঝে আর কাগজের দরজা। চা পরিবেশন করছে ছোট নর্তকী। আমার সামনে এসে ওর হাত কেঁপে খানিকটা চা ছলকে পড়ল।
'বয়েসটা বিপদজনক '! চোখ কপালে তুলে মন্তব্য করলেন বয়স্কা।
আমার বুকে মাদল বেজে ওঠে। নর্তকী আর ছোট নেই - চায়ের দোকানের বৃদ্ধাও তা লক্ষ্য করেছিলেন।

ঘন্টাখানেক পর পুরুষটি আমাকে নিয়ে গেল অন্য এক সরাইখানায়। তখনও পর্যন্ত ধারণা ছিল ওদের সাথেই থাকব। রাস্তা দিয়ে পাথরের সিঁড়ি বেয়ে কিছুটা নামলে নদী। নদীর এক পাশে উষ্ণ প্রস্রবণ। কাছেই একটা সেতু যা চলে গিয়েছে সরাইখানার বাগান পর্যন্ত। আমরা একসঙ্গে স্নান করতে গেলাম। জানলাম ওর বয়েস তেইশ বছর। কথায় কথায় জানাল বৌয়ের দুবার গর্ভপাত হয়ে গিয়েছে।

রাত্রে শুরু হল মুষলধারায় বৃষ্টি। বৃষ্টিতে পাহাড় আবছা হয়ে গিয়েছে, ঘোলাটে নদীর জল। এই দুর্যোগে নর্তকীরা নির্ঘাৎ বাইরে বেরোতে পারবে না, তবু কেন জানি সুস্থির হতে পারছি না, কেবল ঘর বার করছি। এমন সময় হঠাৎ কানে এল ড্রামের শব্দ। এক ঝটকায় জানালা খুলে মাথা বার করে শোনার চেষ্টা করলাম। বাইরে যেমন বৃষ্টি, ততোধিক বাতাস। আমার মাথা ভিজে গেল। চোখ বন্ধ করে বোঝার চেষ্টা করছি কোনদিক দিয়ে আসছে শব্দটা? একসময় ড্রামের সাথে যুক্ত হোল শামিসেনের বাজনাও। এরই মধ্যে অন্ধকার খান খান করে বেত্রাঘাতের মত ভেসে এল একটি চড়া নারী কণ্ঠ, জোরে জোরে কারুর নাম বলছে, তারপর ফেটে পড়ছে হাসিতে। সঙ্গে নারী পুরুষ মিলিয়ে আরও কয়েকটি কণ্ঠের উল্লাস। নর্তকীদের বোধহয় ডাক পড়েছে উলটো দিকের পানশালায়। খাওয়া দাওয়া আমোদ প্রমোদ এখন তুঙ্গে। মন বললো, শেষ হয়ে গেলে ওরা এখানেই আসবে। খোলা জানালার ধারে আমি কাঠ হয়ে দাঁড়িয়ে আছি। ড্রামের শব্দ কানে এলে স্বস্তি, ওখানেই আছে, ড্রাম বাজাচ্ছে। শব্দ বন্ধ হলে দুঃসহ নীরবতার পাথর বুকে চেপে বসছে। আমি যেন বৃষ্টিতে তলিয়ে যাচ্ছি। কিছুক্ষণ পর সব চুপচাপ। অন্ধকারে তাকিয়ে ভাবছি, ' ও কি করছে এখন! বাকি রাতটুকু কার সাথে থাকবে ' ? জানালা বন্ধ করে বিছানায় শুয়ে পড়লাম। অভিমানে বুক মুচড়ে উঠছে। উঠে গিয়ে মুখে জলের ঝাপটা দিয়ে এলাম।
রাত প্রায় দুটো। বৃষ্টি বন্ধ হয়েছে। সদ্য স্নাত রাতের আকাশ আলোকিত হয়ে উঠেছে স্ফটিকের মত স্বচ্ছ চাঁদের আলোয়। মনে হোল দৌড়ে দেখে আসি ও কোথায় আছে।

পরদিন সকাল নটায় পুরুষ বন্ধুটি এসে হাজির। আমি তখন সবে ঘুম থেকে উঠেছি। ওকে স্নানে আমন্ত্রণ জানালাম। স্নানঘরের নীচে বৃষ্টিতে ফুলেফেঁপে ওঠা নদীর জল রোদের তাপে উষ্ণ। আমার মনে এখন গতরাতের অভিমান অনেকটাই দূর হয়েছে, এমন কি জানতেও ইচ্ছে করছে, পানশালায় কাল কি হয়েছিল।
' রাত্রে বেশ জমে উঠেছিল, তাই না '?
' আওয়াজ পেয়েছেন বুঝি? এখানকার লোকেরা খুব হৈচৈ করতে ভালবাসে '।
বুঝলাম নাচিয়েদের কাছে এটা খুব স্বাভাবিক ঘটনা। আমি আর কিছু বললাম না।
'দেখুন দেখুন ওরাও স্নান করতে এসেছে। হাসতে হাসতে ঢলে পড়ছে এ ওর গায়ে '!
পুরুষটির কথায় তাড়াতাড়ি চোখ ফিরিয়ে দেখি উষ্ণ প্রস্রবণের বাষ্পের আড়ালে কয়েকটি নগ্ন দেহ। ছোটখাট দেহটি ছুটে এসে দুহাত তুলে ঝাঁপিয়ে পড়ার ভঙ্গীতে জলের ধারে দাঁড়াল। তারপর আমাদের দেখতে পেয়ে উচ্ছ্বসিত হয়ে কি যেন বলে উঠল।
ছোট নর্তকী! ওর কচি পা আর মূর্তির মত সাদা শরীরটা দেখতে দেখতে হঠাৎ মনে হোল যেন একরাশ টাটকা জল আমার মনটাকে ধুয়ে পরিষ্কার করে দিয়েছে। আমি হাল্কা মনে হাসতে লাগলাম। এ যে একেবারে শিশুর মত! এখনও নগ্ন দেহে রোদে ছুটে আসতে পারে! ওই অবস্থাতে বন্ধুকে দেখতে পেলে উচ্ছ্বসিত হয়ে ওঠে। অত চুলের জন্যই বোধহয় ওকে বড় দেখায়। আমি প্রাণ ভরে হাসতে লাগলাম। মনের মধ্যে জমে ওঠা মলিনতা সেই হাসিতে ধুয়েমুছে পরিষ্কার হয়ে গেল।

আমরা ঘরে ফিরে আসার পর দুই তরুণীর বড়জন ফুল দেখতে এল বাগানে। ওর পেছন পেছন ছোট নর্তকীও সেতুর মাঝামাঝি পর্যন্ত চলে এসেছে। তাই দেখে বয়স্কা মহিলা দাঁত খিচিয়ে উঠলেন। ছোট নর্তকীও কম যায় না! পিছন ফিরে কপট রাগ দেখিয়ে তেড়ে গেল, তারপর হাসিতে ঢলে পড়ল। সন্ধ্যেবেলায় সরাইখানার আরেক অতিথির সাথে বসে দাবা খেলছি, এমন সময় বাগানের দিক থেকে ড্রামের আওয়াজ পেয়ে উঠে গেলাম। সঙ্গীর ইচ্ছা আরও খেলে, কিন্তু আমার ইচ্ছা নেই দেখে চলে গেল নিজের ঘরে। একটু পরে

তরুণীদের নিয়ে পুরুষটি আবার এসে হাজির। আজ রাতে কোথাও নাচ দেখানোর বায়না পায় নি। দাবা নিয়ে বসলাম। ওরা উঠল মধ্য রাতের পর। আমার ঘুম আসছে না। সরাইখানার সঙ্গীটিকে বললাম, ' খেলবেন নাকি '? সে মহা উৎসাহে রাজী। ঠিক করলাম আজ রাতটা খেলেই কাটিয়ে দেব।

পরদিন সকাল আটটা। নাচিয়ে বন্ধুদের সাথে আজ আমার ইউগানো ত্যাগ করার কথা। সদ্য কেনা একটা শিকারীর টুপি মাথায় দিয়ে ওদের সরাইখানায় গিয়ে দেখি সবাই শুয়ে আছে। হঠাৎ ওই অবস্থায় পড়ে কি করা উচিত বুঝতে পারছি না। আমাকে দেখে অপ্রস্তুত ছোট নর্তকী লজ্জায় লাল হয়ে উঠল। ওর ঠোঁটে মুখে এখনও রাতের প্রসাধনের ছাপ। চোখের কোণে রুজের ফোঁটা। ছোটখাটো শরীরটির আবেদন অনেক। ওর দিকে তাকাতেই মন খুশীতে ভরে উঠল। ও হাতের তালুতে মুখ ঢেকে আস্তে আস্তে উঠে দাঁড়িয়ে হাল্কা অভিবাদন করে চলে গেল। আমি দাঁড়িয়ে রইলাম কিংকর্তব্যবিমূঢ় হয়ে। বড় তরুণী আর পুরুষটি পাশাপাশি শুয়েছিল। ওরা নিশ্চয়ই স্বামী-স্ত্রী। ওদিকে বয়স্কা মহিলাটি তাড়াতাড়ি বিছানা থেকে উঠে বসল।
'কিছু মনে করবেন না, আপনাকে জানানো হয়নি। আজ রাত্রে একটা ভোজসভায় নাচ দেখানোর বায়না পেয়েছি, তাই যাওয়া পেছোতে হোল। তবে আপনার তাড়াহুড়ো থাকলে এগিয়ে যেতে পারেন। শিমোদায় আমরা সাধারণত কোশুইয়া সরাইখানায় উঠি। খুঁজে বার করা সহজ। সেখানেই না হয় দেখা হবে'।

হঠাৎ আমার নিজেকে কেমন পরিত্যক্ত বলে মনে হোল। পুরুষটি তাড়াতাড়ি বলে উঠল, ' কাল একসঙ্গে গেলে হয় না? পথটা গল্প করতে করতে পাড়ি দেওয়া যাবে। চলুন কাল সবাই একসঙ্গেই যাই। 'সেটা সবচেয়ে ভাল, বয়স্কা মহিলাটি সায় দিল। 'কাল আমাদের রওনা হতেই হবে, পরশু বাচ্চাটা মারা যাওয়ার পর ঊনপঞ্চাশ দিন হচ্ছে। শিমোদায় পৌঁছে পুজো করবো কিনা'।

রাজী হয়ে গেলাম। বেলা বাড়লে পুরুষটির সাথে বেরিয়ে ঘুরতে ঘুরতে গিয়ে দাঁড়ালাম একটি সেতুর উপর। জায়গাটি শহরের কাছেই আর ভারী মনোরম। সেতুর রেলিং এ ভর দিয়ে পুরুষটি নিজের কথা বলতে শুরু করল। আগে সে বেশ কিছুদিন কাজ করেছে টোকিওর এক থিয়েটার কম্পানীতে। এখনও ওশিমায় মাঝে মধ্যে থিয়েটারে অভিনয় করে। এছাড়া ঘুরে ঘুরে নাচ দেখানোর সময় দরকার হলে নামকরা অভিনেতাদের নকল করে আসরও জমিয়ে দিতে পারে।
'জানেন জীবনে কিছুই হোল না। দেশের বাড়ীতে ভাই-ই সব দেখাশোনা করে। দলে দুই তরুণীদের মধ্যে বয়েস যার বেশী, সে আমার বৌ। আপনার চেয়ে হয়তো বছরখানেকের ছোট হবে। বেচারী এই গ্রীষ্মে দ্বিতীয় সন্তানটিকেও হারিয়েছে। ওদের মধ্যে সবচেয়ে বয়স্কা মহিলাটি হলেন ওর মা আর ছোট মেয়েটি হচ্ছে আমার বোন। বহুবার ভেবেছি, এই ব্যবসায় ওকে টেনে আনবোনা, কিন্তু শেষপর্যন্ত আনতেই হোল '।
পুরুষটি জানায়, ওর নাম এইকিচি। বৌ চিয়োকো। বোন অর্থাৎ ছোট নর্তকীর নাম কাওরু, বয়েস তের। অন্য তরুণীটি এদের অনাত্মীয়, নাম ইউরিকো, ষোল বছর বয়েস। নদীর দিকে তাকিয়ে কথা বলতে বলতে এইকিচির গলা ধরে আসে। মনে হোল ওর চোখের কোণায় জল।

ফিরতি পথে দেখি ছোট নর্তকী কুকুর ছানার পিঠে হাত বোলাচ্ছে। পাশ কাটিয়ে যেতে যেতে বললাম
' সরাইখানায় এসো '।
' একা যেতে পারবোনা '।
' দাদার সাথে এসো '।
কিন্তু এইকিচি এল একা। তবে কিছুক্ষণের মধ্যেই সেতুতে তিনজনের কলরব শুনতে পেলাম। এইকিচি আর আমি দাবা নিয়ে বসেছি। ওরা তিনজন ঘরে ঢুকে ঝুঁকে অভিবাদন জানিয়ে এক কোণে সংকুচিত হয়ে অপেক্ষা করতে লাগল। সবচেয়ে আগে সংকোচ ভেঙে বেড়িয়ে এল চিয়োকো। ওরই প্রাণবন্ত ব্যবহারে পরিবেশ ধীরে ধীরে সহজ হয়ে উঠল। ঘন্টাখানেক পর ওরা সবাই মিলে গেল স্নান করতে। আমাকেও সঙ্গে যেতে বলেছিল। কিন্তু তিনটি অল্পবয়েসী মেয়ের সঙ্গে স্নান! রাজি হওয়ার সাহস হয়নি। একটু পরেই ছোট নর্তকী ফিরে এল আরেকটি প্রস্তাব নিয়ে। ' চিয়োকো বলছে, পিঠ ঘষে দেবে '।
প্রস্তাবটি দিয়ে কিন্তু সে ফিরে গেল না, আমার সাথে দাবা খেলতে বসল। অবাক করার মত ভাল খেলে। দাবায় আমার হাত যথেষ্টই পাকা। এইকিচি আর অন্যান্যদের অনায়াসে হারাই। কিন্তু ওর কাছে হারতে বসেছি প্রায়। খেলা শুরু করেছিল টানটান হয়ে বসে। উত্তেজনায় অল্পক্ষণের মধ্যেই ঝুঁকে পড়েছে। ওর একরাশ চুল আমার বুক ছুঁয়ে যাচ্ছে। সম্বিত ফিরে এলে ধড়মড়িয়ে উঠে দাঁড়াল, 'এই রে! আমার যে ফিরে যেতে হবে। আজ কপালে প্রচন্ড বকুনি আছে'। বলতে বলতে দৌড়ে চলে গেল ছোট নর্তকী।

দিনটা এইকিচি আমার সঙ্গে কাটায়। সন্ধ্যেবেলায় ওদের সরাইখানায় গিয়ে দেখি ছোট নর্তকী শামিসেন অনুশীলন করছে। আমাকে দেখে বাজনাটা নামিয়ে রাখার চেষ্টা করতেই বয়স্কা মহিলা ধমকে ওঠেন। উলটো দিকের রেস্তোরাঁর দোতলায় এইকিচি তখন নো নাটকের ডায়লগ আবৃত্তি করছে। কিছুক্ষণ পর নর্তকী আমার হাতে একটা বই দিয়ে তা থেকে গল্প পড়ে শোনাতে অনুরোধ করল। আমিও একটা কিছুর প্রত্যাশায় সানন্দে রাজি হয়ে গেলাম। নর্তকীর গভীর আগ্রহ। খেয়াল নেই কখন ওর মাথাটা আমার কাঁধে এসে ঠেকেছে। ওর চেহারার সবচেয়ে বড় বৈশিষ্ট্য হল সুন্দর দুটি চোখ। ও যখন হাসে, মনে হয় রাশি রাশি ফুল ঝরছে। বইটা অল্পক্ষণই পড়েছি, এমন সময় রেঁস্তোরা থেকে একজন কর্মচারী ওকে ডাকতে চলে এল।
' এক্ষুণি এসে বাকীটা শুনব, চলে যাবেন না যেন '।

পরণের কিমোনোটাকে ঠিকঠাক করে নিয়ে ঝুঁকে অভিবাদন জানিয়ে সে পা বাড়াল। এখান থেকে দেখতে পাচ্ছি ছোট নর্তকী ড্রামের সামনে হাঁটু গেড়ে বসে বাজাতে শুরু করেছে। ছন্দময় বাজনা। ছন্দের ঢেউ ওঠে আমার বুকেও।
'ড্রাম বাজতে শুরু করলেই আসর জমে ওঠে', বয়স্কার মন্তব্য। চিয়োকো আর ইউরিকো গেল আরেকটু পরে। এর ঘন্টাখানেক পর চারজনেই ফিরে এল। 'আজ এই রোজগার হয়েছে', নর্তকী মুঠো খুলে দেখিয়ে নির্লিপ্তভাবে সবটা উপুর করে দেয় বয়স্কার হাতে। আমি বাকী গল্পটা পড়ে শোনাই। তারপর ওরা কিছুক্ষণ মৃত বাচ্চাটির স্মৃতিচারণা করে।

এই দলটি সম্বন্ধে আমার বাড়তি কৌতুহল নেই, নেই দয়াদাক্ষিণ্যের মনোভাবও। ওরা যে যাযাবর বিনোদনকারী, সমাজের চোখে কিছুটা নীচু স্তরের, সে নিয়ে আমার কোনও মাথাব্যথা নেই। হয়তো সেকথা ওরাও বুঝেছে আর সেইজন্যই আমাকে ভালোবেসে সম্মানের উঁচু আসনে বসিয়েছে। বার বার অনুরোধ করছে ওশিমায় ওদের আতিথ্য গ্রহণের জন্য। ঠিক হয়েছে নববর্ষের সময় ওদের যে নাটক করার কথা , তাতে আমি সাহায্য করব। আগে ভাবতাম যাযাবর বিনোদনকারীদের জীবন না জানি কি কষ্টের। এখন দেখছি, তা পুরোপুরি সত্যি নয়। তাছাড়া এদের ঢিলেঢালা জীবনে আছে পাহাড় আর তৃণভূমির সৌরভ আর সুদৃঢ় পারস্পরিক বন্ধন।

মধ্যরাত্রির পর ওদের সরাইখানা থেকে উঠলাম। সদর দরজা পর্যন্ত এসে মেয়েরা আমাকে বিদায় জানাল। ছোট নর্তকী তাড়াতাড়ি আমার কাঠের খড়ম জোড়া পায়ের কাছে এগিয়ে দিল। তারপর মুখ তুলে পরিষ্কার আকাশের দিকে তাকিয়ে বলল,
' কি সুন্দর চাঁদ! কাল এসময় শিমোদায় থাকব। আমার বড় প্রিয় জায়গা। চিয়োকোর মা নতুন চিরুনি কিনে দেবে বলেছে। আপনি আমাকে একটা সিনেমা দেখাতে নিয়ে যাবেন '?
বুঝলাম শিমোদায় এমন কিছু আছে যার মধ্যে ইয়ু আর সাগামির উষ্ণ প্রস্রবণ সমৃদ্ধ এলাকায় ঘুরে ঘুরে নৃত্য পরিবেশনকারী এই দলটি নিজেদের বাড়ীর উষ্ণতা খুঁজে পেয়েছে।

আমাগি গিরিপথের কাছাকাছি এসে সবাই মালপত্র ভাগাভাগি করে নিল। কুকুর ছানাটি যেন অভ্যস্ত পর্যটক। সামনের দুখানা পা ঝুলিয়ে বেশ নিশ্চিন্তে বয়স্কা মহিলার কোলে স্থান করে নিয়েছে। সমুদ্রের ওপারে সূর্য মুখ তুলেছে, পাহাড়ী উপত্যকায় তার উষ্ণতার পরশ। চোখের সামনে ধবধবে সাদা বালির বিস্তীর্ণ তট।
' ওই যে ওশিমা, কি বিরাট দেখাচ্ছে! আপনি আসছেন কিন্তু আমাদের সঙ্গে, আসছেন তো '? ছোট নর্তকী বলে ওঠে।

শরতের নির্মেঘ আকাশে ঝকঝকে রোদের জন্যই কিনা জানিনা, সমুদ্রের এক অংশকে কেমন যেন কুয়াশাচ্ছন্ন মনে হচ্ছে। শিমোদা এখনও মাইল দশেকের পথ। এবার সমুদ্র লুকাল পাহাড়ের আড়ালে। চিয়োকো নিজের মনে অলস ভঙ্গীতে গুনগুন করে গান গাইছে। এক জায়গায় এসে দেখি গিরিপথ দুভাগে বিভক্ত। একটি অনেক বেশী খাড়া, কিন্তু যাত্রাপথের দৈর্ঘ্য মাইলখানেক কমে যাবে। আমার উৎসাহে সবাই খাড়া পথটিই বেছে নিল। পথ গিয়েছে বনের মধ্যে দিয়ে। এক এক জায়গা এতটাই খাড়া যে দেওয়াল বেয়ে ওঠার মত করে উঠতে হয়। তার উপর আবার ঝরা পাতা পড়ে পিছল হয়ে গিয়েছে। আমি হাঁটুর উপর হাতের ভর দিয়ে উঠতে লাগলাম। অন্যেরা অনেকটাই পিছিয়ে পড়েছিল, এখন গাছের ফাঁক দিয়ে ওদের কথা বলার শব্দ কানে আসছে। কিমোনোটাকে একটু উঁচু করে কোমড়ে গুঁজে ছোট নর্তকী ছোট ছোট পা ফেলে কাছাকাছি পৌঁছে গেলেও আমার সাথে কয়েক ফুটের ব্যবধান সযত্নে বজায় রাখছে। মাঝে মাঝে আমি কোনও প্রশ্ন করলে চলা থামিয়ে হেসে উত্তর দিচ্ছে। আমিও থেমে ওকে ব্যবধান ঘোচানোর সুযোগ দিচ্ছি। কিন্তু না, প্রত্যেকবার ও চলতে শুরু করছে আমি কিছুটা এগিয়ে যাওয়ার পর। ফলে ব্যবধান একই থাকছে।
'টোকিওতে কোথায় থাকেন '?
' হস্টেলে! নিজের বাড়ীতে নয় '।
'আমিও একবার চেরী ফুলের সময় নাচ দেখাতে টোকিও গিয়েছিলাম। ছোট ছিলাম, তাই বিশেষ কিছু মনে নেই।
শিখরে পৌঁছে ছোট নর্তকী ঝরা পাতায় ঢাকা একটি বেঞ্চের উপর ড্রামটাকে রেখে রুমাল দিয়ে মুখের ঘাম মুছল। তারপর তাকাল নিজের পায়ের দিকে, কিন্তু সঙ্গে সঙ্গে মন পরিবর্তন করে ঝুঁকে পড়ে আমার কিমোনোর ধুলো ঝাড়তে লাগল। ঝাড়া হয়ে গেলে বেঞ্চে বসে আমাকেও বসতে বলল। আমি বুক ভরে নিঃশাস নিলাম।
এক ঝাঁক পাখি পাশ দিয়ে উড়ে গিয়ে ঝরা পাতার স্তূপে বসল। খসখস শব্দে চিড় ধরল নিঃস্তব্ধতায়। আমি আঙুল দিয়ে কয়েকবার ড্রামে টোকা মারলাম। পাখিরা ওইটুকু শব্দেই সতর্ক হয়ে উঠল। 'বেশ তেষ্টা পেয়েছে' বললাম আমি।
' দেখি জল পাই কিনা ' বলে ও চলে গেল জলের সন্ধানে, কিন্তু না পেয়ে একটু পরে ফিরে এল হলুদ পাতার গাছের মধ্যে দিয়ে।
'ওশিমায় কিভাবে সময় কাটাও'? আমার এ প্রশ্নের জবাবে ও দু তিনটি মেয়ের নাম করল, ছাড়াছাড়াভাবে বন্ধুদের স্মৃতিচারণা করল, যার কোনও অর্থ নেই আমার কাছে। কিছুক্ষণ পর দুই তরুণী আর এইকিচি এসে উপস্থিত। তারও দশ মিনিট পর এলেন চিয়োকোর মা।

উৎরাই-এর সময় এইকিচির সঙ্গে কথা বলার জন্য পিছনে থাকলাম। অল্পক্ষণ পরে দেখি ছোট নর্তকী ছুটতে ছুটতে উপরে উঠছে,
' নীচে একটা ঝরনা আছে। আপনি আগে জল খাবেন, তারপর আমরা খাব '। আমি দ্রুত পায়ে ওর সাথে নেমে গেলাম। গাছের ছায়ায় ঢাকা বড় বড় পাথরের ফাঁক থেকে ঝরে পড়ছে পরিষ্কার টলটলে জল। আমি প্রথমে আঁজলা ভরে পান

করলাম। মেয়েরা ধীরে ধীরে মুখ ধুল, জলে রুমাল ভিজিয়ে নিল।

পাহাড় শেষে শিমোদা মহাসড়ক। এদিক ওদিক কাঠকয়লা বানানোর উনুন থেকে কুন্ডলী পাকিয়ে ধোঁয়া উঠছে। এক জায়গায় থোক করা কিছু কাঠ দেখতে পেয়ে সবাই মিলে বসলাম। ছোট নর্তকী একটা গোলাপী চিরুনি বার করে কুকুরছানার লোম আঁচড়াতে লাগল।
' দাঁতগুলো ভেঙে ফেলবি যে '! সাবধান করলেন চিয়োকোর মা।
' তাতে কি, শিমোদায় পৌঁছে নতুন একটা তো পাবই '।
চিরুনিটা ও মাথায় গুঁজে রাখে। ইউগানো থেকেই ভেবে রেখেছি শিমোদায় পৌঁছে ওটা চেয়ে আমি নিজের কাছে রাখব। সেই চিরুনি দিয়ে কুকুর ছানার লোম আঁচড়ানো হচ্ছে দেখে মনটা একটু খারাপ হয়ে গেল।
হঠাৎ কানে এল ছোট নর্তকী বলছে, 'সোনা দিয়ে বাঁধিয়ে নিলেই দেখো চেহারা অন্যরকম হয়ে যাবে।
বুঝলাম আমার বিচ্ছিরি দাঁত নিয়ে কথা হচ্ছে। প্রসঙ্গটা হয়তো চিয়োকো উত্থাপন করেছে।, তারই উত্তরে এই সুপারিশ।
'চমৎকার লোক' - চিয়োকোর মন্তব্যে সায় দিয়ে ছোট নর্তকী বলে ' খুব ভাল, সত্যিই ভাল। আমার এইরকম ভাল কাউকে পেতে ইচ্ছা করে'।
ছোট নর্তকীর এটাও একটা বৈশিষ্ট্য। যা মনে আসে অকপটে বলে। এই প্রথম আমি জানলাম এমনও কেউ আছে যে আমার মধ্যেও চমৎকারিত্বের সন্ধান পায়। ঊনিশ বছরের জীবনে আমি নিজেকে মানুষের সঙ্গবিদ্বেষী, একাকীত্বে ভোগা, সমাজে বেমানান একজন তরুণের চেয়ে আর বেশী কিছু ভাবতে পারি নি। মানসিক অবসাদই আমাকে ইয়ু ভ্রমণে ঠেলে দিয়েছে। অথচ এক্ষুনি শুনলাম, আমি নাকি একটি চমৎকার মানুষ। এই শব্দ কটির যে কি মূল্য আমার কাছে, তা বোঝাতে পারব না। তাকিয়ে দেখলাম রোদের আলোয় পাহাড় আরও উজ্জ্বল হয়ে উঠেছে। শিমোদা বেশী দূরে নয়। কয়েকটি গ্রামের উপকণ্ঠে সাইনবোর্ডে লেখা আছে, যাযাবর বিনোদনকারীদের প্রবেশ নিষেধ।

শিমোদার সর্বোত্তরে সস্তার সরাইখানা কোশুইয়া। দলের সবার সাথে আমিও উঠে গেলাম এর দোতলার চিলেকোঠায়। চিয়োকোর মা ছোট নর্তকীকে নিয়ে পড়েছেন, 'তোর কাঁধ ব্যথা করছে না? হাত ছড়ে যায় নি '?
একটুও না, ড্রাম বাজানোর ভঙ্গিতে হাত নাড়াতে নাড়াতে উত্তর দিল নর্তকী।
'বেশ ভারী কিন্তু' ড্রামের ওজন পরীক্ষা করে বললাম আমি।
'হ্যাঁ, আপনার বই-এর থলির চেয়েও ভারী'।
সরাইখানাটি যাযাবর বিনোদনকারী আর ফিরিওয়ালায় ভর্তি। শিমোদায় মনে হচ্ছে সব জায়গার লোকজন স্বস্তিতে যাত্রাবিরতি করে। এদিক ওদিক ছুটে বেড়াচ্ছে সরাইখানার মালিকের বাচ্চারা । ছোট নর্তকী তাদের হাতে অল্প অল্প পয়সা দিল।
আমি রাত কাটাব অন্য একটি সরাইখানায়। সেখানে যাওয়ার জন্য পা বাড়াতেই ছুটে এসে নর্তকী খড়ম জোড়া এগিয়ে দিল। ফিসফিস করে বলল, 'সিনেমায় নিয়ে যাবেন তো' ?

এইকিচিও সঙ্গে আসছে। পথ দেখিয়ে নিয়ে যাচ্ছে কোশুইয়ার একজন কর্মচারী। লোকটির চেহারা দেখে তেমন শ্রদ্ধা হয়না। সে আমাদের যে সরাইখানায় নিয়ে গেল সেটির মালিক শিমোদার সাবেক মেয়র। এইকিচির সাথে স্নান করে সমুদ্রের টাটকা মাছ দিয়ে দুপুরের আহার সারলাম। তারপর এইকিচির হাতে একটু পয়সা দিয়ে বললাম, 'কাল বাচ্চার স্মৃতিতর্পণের জন্য একটু ফুল কিনে নিও। আমি কাল সকালের জাহাজেই টোকিও ফিরে যাব'।

হ্যাঁ, ঘোষণাটা আকস্মিকই বটে। আসলে আমার হাতে পয়সা ফুরিয়ে এসেছে। কিন্তু এইকিচিকে বললাম পড়াশুনার ক্ষতি হচ্ছে, তাই তাড়াতাড়ি ফিরে যাওয়া দরকার। পরে ওদের সরাইখানায় গিয়ে সবাইকেই খবরটা দিলাম। সঙ্গে সঙ্গে চিয়োকোর মা আমাকে শীতকালে ওশিমায় যাওয়ার আমন্ত্রণ জানালেন। আমি চিয়োকো আর ইউরিকোকে সিনেমায় যাওয়ার প্রস্তাব দিলাম। চিয়োকোকে ভীষণ ফ্যাকাসে আর ক্লান্ত দেখাচ্ছে। বেচারী হাত দিয়ে পেট চেপে বলল এখন কোথাও যেতে চায় না। ইউরিকো কাঠ হয়ে বসে মেঝের দিকে তাকিয়ে থাকল। ছোট নর্তকী নীচে সরাইখানার বাচ্চাদের সঙ্গে খেলা করছে। আমাকে দেখে চিয়োকোর মার কাছে গিয়ে সিনেমায় যাওয়ার অনুমতির জন্য পীড়াপীড়ি করতে লাগল। কিছুক্ষণ পরে ফিরে এল বিষণ্ন মুখে।
'দুজনে মিলে সিনেমায় যেতে চাইছে, এতে আপত্তির কি কারণ থাকতে পারে '? এইকিচি শ্বাশুড়ীকে বোঝানোর চেষ্টা করে। এইকিচি যাই বলুক, শ্বাশুড়ী অনড়। ছোট নর্তকীর মুখের দিকে তাকিয়ে আমি ওকে কোনও কথা বলতে পারিনি।

শেষপর্যন্ত সিনেমায় আমি একাই গেলাম। একজন মহিলা ফ্ল্যাশলাইটের আলোয় সংলাপ পড়ছেন। খানিকক্ষণ পরে বেরিয়ে ফিরে এলাম সরাইখানায়। জানালায় কনুই-এর ভর দিয়ে বাইরে তাকিয়ে আছি। এইভাবে কতক্ষণ কেটেছে খেয়াল নেই। ঘুমন্ত শহর, নিস্তব্ধ অন্ধকার। মনে হোল দূর থেকে ড্রামের আওয়াজ ভেসে আসছে। হঠাৎ টের পেলাম আমি কাঁদছি।

পরদিন সকাল সাতটায় প্রাতঃরাশ খাচ্ছি, এমন সময় রাস্তা থেকে এইকিচির ডাক শুনতে পেলাম। হয়তো বা আমারই সম্মানে আজ ও একটা পোশাকি কিমোনো পরে এসেছে। সঙ্গে আর কেউ নেই দেখে আমার বুকটা কেমন হু হু করে উঠল।
' আসতে ওরা সবাই চেয়েছিল, ঘরে ঢুকে জানাল এইকিচি, কিন্তু কাল রাত্রে শুতে অনেক দেরী হয়েছে, তাই সকালে উঠতে পারেনি। আমাকে জানাতে বলে দিয়েছে শীতে

আপনার আসার অপেক্ষায় থাকবে '।

শিমোদায় আজ সকালে শরতের শিরশিরে বাতাস বইছে। জাহাজঘাটায় যাওয়ার পথে এইকিচি আমার জন্য কিছু ফল আর সিগারেট কিনল। এছাড়া কিনল এক শিশি সেন্ট, নাম কাওরু।
' ওর নামও কাওরু কি না ' এইকিচি হেসে বলল। আমি আমার শিকারের টুপিখানা এইকিচির মাথায় পরিয়ে দিলাম।
জাহাজঘাটায় পৌঁছে আমার হৃদপিন্ড লাফিয়ে উঠল। ও জলের ধারে বসে আছে। আমাদের দেখতে পেয়েও কাছে এগিয়ে এল না। সামান্য মাথা ঝুঁকিয়ে নিঃশব্দে অভিবাদন জানাল কেবল। এখনও ওর মুখে রাতের প্রসাধনের চিহ্ন। চোখের কোণে লাল ছোপ ওর চেহারায় সতেজ ব্যক্তিত্ব ফুটিয়ে তুলেছে। কিছুতেই ওর দিক থেকে চোখ সরিয়ে নিতে ইচ্ছে করছে না।
এইকিচি গেল জাহাজের টিকিট কাটতে। আমি নর্তকীর সাথে কথা বলার চেষ্টা করলাম। কিন্তু ওর আজ বাক্যালাপে উৎসাহ নেই। আজ ও কেবল তাকিয়ে আছে জলের দিকে। মাঝে মাঝে মাথা নাড়িয়ে আমার কথায় সায় দিচ্ছে, তবে প্রতিবারই তা করছে কথা শেষ হওয়ার আগেই।

জাহাজ ছাড়ার সময় হোল। আমি দড়ির সিঁড়ি বেয়ে জাহাজে উঠতে উঠতে পিছন ফিরে তাকালাম। ছোট নর্তকী ঠোঁট চেপে কান্না রোধ করছে। ভাবলাম চেঁচিয়ে বিদায় নেব, কিন্তু সামান্য মাথা নোয়ানোর চেয়ে বেশী আর কিছুই করা হোল না। ধীরে ধীরে তীর থেকে সরে যেতে লাগলাম। এইকিচি শিকারের টুপিখানা নাড়িয়ে বিদায় জানাচ্ছে। নর্তকীর হাতে দুলছে একটুকরো সাদা কাপড়।

জাহাজের রেলিং-এ ভর দিয়ে দেখছি ইযু উপদ্বীপের দক্ষিণ প্রান্ত আমার চোখের সামনে থেকে একটু একটু করে মুছে যাচ্ছে। ইযু-র নর্তকী এখন অনেক দূরে। বুক ঠেলে বেড়িয়ে এল একটা দীর্ঘশ্বাস। আমি আস্তে আস্তে ভিতরে গিয়ে বসলাম।
সমুদ্র আজ বড় অশান্ত। জাহাজের দুলুনির চোটে যাত্রীদের পক্ষে বসে থাকাও কঠিন। অনেকেরই পেট থেকে খাবারদাবার বেরিয়ে আসার উপক্রম হয়েছে। একজন নাবিক এসে প্রত্যেকের হাতে একটি করে পাত্র দিয়ে গেল। আমি বই-এর ব্যাগে মাথা দিয়ে সীটের উপর শুয়ে পড়লাম।

মনে গভীর শূন্যতা। জানিনা কতটা সময় কাটল, কতখানি পেরিয়ে এলাম। আমি নিঃশব্দে কাঁদছি। চোখের জলে ব্যাগ ভিজে উঠেছে। হঠাৎ খেয়াল করলাম পাশে শুয়ে একটি কিশোর। সে জানাল তার বাবা ইযু-র একটি কারখানার মালিক। হাইস্কুলের প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতি নিতে যাচ্ছে টোকিওতে। বুঝলাম আমার স্কুলের টুপিখানা ওর নজর কেড়েছে।
'আপনার কি কিছু হয়েছে' ? কিশোরটি জানতে চাইল।
'না, মানে, আমি আজ একজনের কাছ থেকে বিদায় নিয়ে এলাম'। সত্য গোপন করার ইচ্ছা আমার হোলনা। চোখের জল প্রকাশ হয়ে যাওয়ায় বিব্রত বোধও করলাম না। শূন্যতা আর আমাকে অস্থির করে তুলছে না, বরং এই শূন্যতার মধ্যে থেকে আমার অবচেতন মন পরিপূর্ণতার আস্বাদ খুঁজে নেওয়ার চেষ্টা করছে। কখন যে সন্ধ্যে হয়েছে টের পাই নি। ক্ষিদে পেয়েছে খুব। ঠান্ডাও লাগছে। কিশোর সহযাত্রী বাড়ী থেকে আনা টিফিন বাক্স খুলল। আমি ঝাঁপিয়ে পড়ে খেলাম এমনভাবে যেন আমারই আনা খাবার। শীতভাব দূর করতে গায়ে চাপা দিলাম ওরই ক্লোকের একটা দিক। আমার মন এমন এক শূন্যতায় ছেয়ে গিয়েছে, যখন সহযাত্রীর সহৃদয়তায় সাড়া দিতে কুণ্ঠা হয়না, সব কিছু বাঁধা পড়ে এক সুরে।

ক্যাবিনের আলো নিভিয়ে দেওয়া হোল। বাইরে থেকে ভেসে আসা সমুদ্রের নোনা গন্ধের সাথে জাহাজের খোলে রাখা মাছের আঁশটে গন্ধ মিশে একটা কড়া গন্ধ তৈরি হয়েছে। পাশে শোয়া কিশোর সহযাত্রীর শরীরের ওম থেকে উষ্ণতা নিতে নিতে অন্ধকারে আমি চোখের জলের কাছে আত্মসমর্পণ করলাম। আমার মাথাটা যেন পরিষ্কার জলের আধারে পরিণত হয়েছে, বুক হাল্কা করে ঝরে পড়ছে অশ্রু হয়ে। হয়তো একসময় ঝরে পড়বে শেষ অশ্রুবিন্দুটিও।

ক্ষুদ্‌দার জাপান ভ্রমণের অভিজ্ঞতা

অনুপম গুপ্ত

আমাদের ক্ষুদ্‌দা মানে ক্ষুদিরাম চাক্‌লাদার কোনও বিখ্যাত লোক নন। তাঁর পূর্বপুরুষদের নামে কোনও মন্দির, রাস্তা, কারখানা বা পাঠাগার আছে বলে কখনও শোনা যায়নি। ক্ষুদ্‌দা কিন্তু কুয়োর ব্যাং হয়ে থাকতেই ভালোবাসেন। কোথাও যাওয়ার তাঁর বিন্দুমাত্র বাসনা নেই। বিষ্ণুপুর এবং ব্রিসবেনের মধ্যে তফাৎ জানেন না। আমস্টারডাম যেতে গেলে কি আসামের ভেতর দিয়ে যেতে হয়? টাটার কাছেই কি টোকিও? আসলে ভুগোলের গোল থেকে ক্ষুদ্‌দা কোন দিন'ই বেরিয়ে আসতে পারেন নি।

এতৎসত্ত্বেও ক্ষুদ্‌দার কোন অসুবিধা হচ্ছিল না। ঝামেলা পাকালো পুত্র এবং পুত্রবধূ যারা বর্তমানে জাপানের প্রবাসী বাঙ্গালী। তাদের ঐকান্তিক ইচ্ছায় ক্ষুদ্‌দাকে সস্ত্রীক জাপানে যেতেই হবে। গত বিশ্বযুদ্ধের সময় জাপানকে নিয়ে একটা ছড়া ক্ষুদ্‌দার এখনও মনে আছে -
সা-রে-গা-মা-পা-ধা-নি
বোম ফেলেছে জাপানী
বোমের ভেতর কেউটে সাপ
বৃটিশ বলে বাপেরে বাপ॥

বৃটিশ যেখানে যেতে ভয় পায়, সেখানে ওদের দুজনের যাওয়া কি উচিত হবে? কি করে যেন পাসপোর্ট হয়ে গেল। অনেকটা Bank এর পাশ বুক এর মতন দেখতে - তবে অনেক দামী তো, তাই চামড়া দিয়ে বাঁধানো। visa -র office -এ officer কে দাদা যে কি বলেছিল আজও ঠিক মনে করতে পারছেন না।
ছেলের পরিচিত একজনকে দিয়ে ২৭শে এপ্রিল ২০০৭ Singapore Airllines এ দুটো টিকিট কাটা হল। প্লেন আকাশ দিয়ে উড়ে যায় এটা সকলেই জানে, কিন্তু কি করে প্লেনে উঠতে হয় এটা ক'জন জানে? তবে তিনিও বীর বাঙ্গালী- প্লেনের ভেতরে কি করে যেন ঢুকে গেলেন।

প্লেন যখন মাটি ছেড়ে আকাশে উঠল তখন দাদা ভাবলেন তাঁর এত বছরের মাটির সঙ্গে নিবিড় সম্পর্ক ছিন্ন হল। তেত্রিশ দুগুণে ছেষট্টি কোটি দেব দেবীকে শেষবারের মতন প্রণাম জানালেন। ইচ্ছে ছিল তাঁর স্ত্রীকে শেষবারের মতন একটি বিদায় চুম্বন দেবেন, কিন্তু জোরালো আলোর জন্য সেটা আর হল না। তবে ভালো পানীয় ও খাবার খেতে খেতে এবং অবশ্যই সুন্দরীদের দেখতে দেখতে মৃত্যু ভয়ও চলে গেল। আর কি কি হল বৌদি পাশে থাকার জন্য জানা যায়নি। ২৮শে এপ্রিল, ২০০৭, তাঁরা দুজনেই Narita বিমান বন্দরে প্লেন থেকে মাটিতে অবতরণ করলেন।
Narita বিমান বন্দরে পুত্র এবং পুত্রবধূর উষ্ণ অভ্যর্থনায় দাদা, বৌদি আপ্লুত। দেশের বৈশাখ মাসের গরম আবহাওয়া থেকে জাপানের ১১ ডিগ্রি সেন্টিগ্রেড এ পড়ে দাদা বৌদির অবস্থা শোচনীয়। গাড়ী করে রাস্তার দুধারে উঁচু উঁচু বাড়ী এবং অসংখ্য fly over দেখতে দেখতে তাঁরা কাওয়াসাকি-র ফুজিমিতে এসে পৌঁছলেন। ছেলের বাসস্থান চোদ্দতলায়। Residential Flat অত উঁচুতে?

বৌমা তার শ্বাশুড়ীমাকে অর্থাৎ রমলা চাক্‌লাদার সালোয়ার কামিজ আনতে বলেছিল। বৌদি কিন্তু পরতে পারবেনা- লজ্জা করবে, ক্ষুদ্‌দা হয়তো মনে মনে চাইছিলেন একটু পরুকই না - আহা! সেই কলেজ জীবনের স্মৃতি। জাপানের মেয়েরা অত্যন্ত কর্মঠ এবং হাসিখুশী, কিন্তু পোশাক বানানোর ব্যাপারে এত কৃপণ যে বৌদির হুকুম রাস্তায় বেরোলে মাথা একদম সোজা করে চলতে হবে - বাঁ দিক ডান দিক করা বারণ। অবশ্য বৌদিও জানেন সংখ্যায় এতগুলো লক্ষ্য স্থির রাখাই মুশকিল।

রাস্তায় গরু, কুকুর নেই, নেই কোন হকার। শিশি, বোতল কাগজ বিক্রীর আনন্দ থেকে এরা বঞ্চিত। তার বদলে পরিষ্কার চওড়া রাস্তা ও ফুটপাথ। ক্ষুদ্‌দার দেশে রাস্তার অধিকার সকলের, একমাত্র গাড়ী চালকের ছাড়া। ওনারা সদয় হলে তবেই গাড়ী রাস্তায় চলতে পারে। জাপানে সাইকেল আরোহীকেও ফুটপাথ দিয়ে যেতে হয়। জাপানে তিন মাসে ক্ষুদ্‌দা একটাও হর্নের আওয়াজ শুনতে পাননি। এটা তো ভয়ের কথা। হর্ন যারা বানায় এবং সারায় তাদের চাকরি কি থাকবে? ক্ষুদ্‌দার শহরে ভোর থেকে মধ্যরাত পর্যন্ত বিভিন্ন ধরণের হর্নের সম্মিলিত decibel বলে দেয় শহরটি কত প্রাণবন্ত। প্রতি হাসপাতালের সামনে আরও জোর করে বেশী বেশী হর্ন বাজানোর রেওয়াজ, যাতে নবজাতকের কান এবং হার্ট পেশেন্টদের হার্ট আরও মজবুত হয়।

বাজারে গিয়েও কি ভাল লেগেছে? ষাঁড় কর্তৃক বাঁধাকপির পাতা চর্বণরত পরিচিত দৃশ্য নেই। মাছের বাজারে যদি উচ্চৈঃস্বরে ঝগড়া না থাকে তাহলে তাকে কি বাজারের আখ্যা দেওয়া যায়? ক্ষুদ্‌দাকে বলা হল এগুলোকে বলে shopping mall. কোন নোংরা নেই। সবই সাজানো- যেন কৃষ্ণনগর থেকে বানিয়ে show case-এ সাজিয়ে রাখা আছে। গাড়ী ঠেলে ঠেলে পছন্দ মতন জিনিস তুলে নাও। দরদামের কোন ব্যাপার নেই। লুঙ্গি পরার প্রচলন নেই।

ক্ষুদ্‌দার নিজের শহরের বাজারের পাশে ওদের বাজারকে বাজারের "B-Team" নয় "C -Team"ই বলা উচিত।

ক্ষুদ্‌দার দেশের wine shop গুলো জাল দিয়ে ঘেরা। যেন চিড়িয়াখানার জন্তু থাকে। ছোট্ট একটা ফাঁকা জায়গা থাকে যেখান দিয়ে বোতল এবং টাকা দেওয়া নেওয়া হয়। জাপানে চারিদিকে এত বিভিন্ন ধরণের রঙীন লোভনীয় পানীয় বোতল সাজানো থাকে যে দেখলেই ক্ষুদ্‌দার নেশা ধরে যায়। আহা বেচারা বৌদি! ক্ষুদ্‌দাকে আর কতভাবে সামলাবেন। বৌদি দেখেছেন নাইট ক্লাবের পাশ দিয়ে যেতে গেলে দাদার গতিটা হঠাৎ কিরকম যেন মন্থর হয়ে যায়।

ষ্টেশন মানেই শুধু Escalator- ওঠা আর নামা , ক্ষুদ্‌দা অনেক চেষ্টা করে বুঝেছিলেন যে পা ষ্টেপএ ফেলার সঙ্গে সঙ্গে হাত দিয়ে রেলিং ধরতে হয় এবং রমলা বৌদিকেও সেই রকম বোঝাবার চেষ্টা করেছেন। বৌদি কিন্তু অনেক চিন্তা করে বেশ কিছু সময় নিয়ে প্রায় একরকম ঝাঁপ দিয়ে একটা ষ্টেপে পা দিলেন এবং হাতলটা ধরলেন না, as a result বৌদির পুরো শরীরটা দাদার বুকে। লোকেরা ভাবল নিশ্চয়ই সিনেমার শুটিং হচ্ছে। আসলে বৌদির নজর দাদার দিকে- উনি যেন বাঁদিকে ডানদিকে না তাকান। এই বয়েসে ওই স্বল্প পোশাকের জাপানী সুন্দরীদের না দেখাইতো ভাল - Blood Pressure এর কথাও তো ভাবা উচিত।

ষ্টেশনের টিকেট কাউন্টার -এ কোন লোক নেই। "দাদা! দুটো ব্যাঙ্গেল লোকাল দেবেন?" এই রকম কোন ব্যবস্থা নেই। স্বয়ংক্রিয় যন্ত্রের সাহায্যে সবই হচ্ছে। ট্রেন আসার সঙ্গে সঙ্গে দরজা খুলে যাবে। সেটা অবশ্য এখানকার মেট্রো রেলেও এ হয়। কিন্তু সমস্যাটা অন্য জায়গায়। ক্ষুদ্‌দা, এখানকার নিয়মমত, দরজা খোলার সঙ্গে সঙ্গে বৌদিকে টেনে হিঁচড়ে ভিড় ঠেলে উঠলেন, তখন একজন লোকও নামেনি, ওঠারতো প্রশ্নই নেই। লোকেরা তখন ভাবল হয়তো কোন উগ্রপন্থী তাড়া করেছে, অন্য গ্রহের লোক।

রাস্তায় বেরোবার সময় রোজকার মত বৌদির মুখে পান জর্দা। কিছুক্ষণ যাওয়ার পরে মুখ বন্ধ অবস্থায় বৌদি উম্‌ উম্‌ করে জিজ্ঞেস করছেন পানের পিক কোথায় ফেলবেন। কাছাকাছি কোথাও নিশ্চয়ই সরকারী অফিস আছে যেখানে দেওয়ালে এই ধরণের কাজ করার নাগরিক অধিকার দেওয়া থাকে। দাদা কিন্তু জানেন তাঁর প্রিয় শহরের প্রতিটি কর্পোরেশন বা সরকারী অফিসের দেওয়াল এই কাজের জন্য ব্যবহৃত। কবি ঠিকই বলেছেন,
"এমন দেশটি কোথাও খুঁজে পাবো নাকো তুমি।"
এই বিষসম পানের পিক্‌ বৌদিকে গিলতেই হল। জাপান সরকারের ক্ষমাহীন অপরাধ।
রাস্তায় অজস্র ফুলের সমারোহ। কিন্তু কি আশ্চর্য! কেউ ফুল তোলেনা। বৌদি ভাবেন এরা কি তাহলে বেস্পতিবারের লক্ষ্মীপুজো করে না? মহিলাদের প্রাতঃভ্রমণের আসল উদ্দেশ্যইতো ফুল চুরি করা। ফুল ফোটে মহিলা কর্তৃক বৃন্তচ্যুত হওয়ার জন্য।ওখানকার মহিলারা তাহলে কি করেন?

ছেলের পাল্লায় পড়ে অত্যন্ত দ্রুতগামী একটা ট্রেন-এ (শিন্‌কান্‌সেন) চড়তে হল। ট্রেনে উঠলে সাধারণতঃ একটু টয়লেটে যাওয়ার ইচ্ছা এবং প্রয়োজন বোধ হয়। কিন্তু কি আশ্চর্য টয়লেটের দরজা খোলে কি করে? বন্ধ করা মানে কি চিরকালের জন্য বন্ধ হয়ে যাওয়া? যাক্‌ গে, অন্য চিন্তায় মগ্ন থাকাই ভাল।

রাস্তায়, পার্কে, ট্রেনে সর্বত্রই ছেলে মেয়ের যে ভাবে নিবিড় ভাবে সেঁটে থাকে তাতে বৌদির উষ্মা -"ছিঃ, কি ঘেন্না! তুমি কিন্তু একদম ও দিকে তাকাবেনা।" ক্ষুদ্‌দার ধারণা - সামনের জন্মে বোধহয় জাপানেই জন্মানো উচিত। প্রগতির গতি না হয় এইভাবেই শুরু হোক।

২২শে জুলাই কিছু পাওয়া এবং অনেক না পাওয়ার অভিজ্ঞতা নিয়ে ক্ষুদ্‌দা সস্ত্রীক দেশে ফিরলেন॥

বিওয়া হ্রদ ভ্রমণ

কাজুহিরো ওয়াতানাবে

বিওয়াকো (বিওয়া হ্রদ) জাপানের সবচেয়ে বড় হ্রদ। পুরোনো রাজধানী কিয়োতোর পাশে শিগা জেলায় তার অবস্থান। বিওয়া এক বাদ্যযন্ত্রের নাম। কথিত আছে যে ভারতীয় বীণায় তার উৎপত্তি। বিওয়াকোর নামকরণ নাকি করা হয় এর আকার বিওয়া বা বীণার মত বলে।

মাত্র কিছুদিন আগে পর্যন্ত বিওয়া হ্রদ সম্পর্কে আমার জ্ঞান ছিল এতেই সীমাবদ্ধ। সেখানে বেড়াতে যাওয়ার কোনো প্রয়োজন ছিল না, যাওয়ার জন্য বিশেষ তাগিদও অনুভব করতাম না। ঘটনা চক্রে এক দিন হঠাৎ এই মস্ত বড় জলাধার প্রত্যক্ষ করতে যেতে হবে, তা ছিল একেবারে আমার ধারণার বাইরে।

ঘটনার সূত্রপাত এই বসন্তকালে। এক দিন রাতে কাজ শেষে ছেলে বাড়ি এসে বলল, ' বাবা, মা, তোমাদের সঙ্গে একটু কথা আছে '।
জিজ্ঞাসা করলাম, ' কী '? ও বলল, ' এত দিন তোমাদের বলব বলব করে বলা হয় নি, একটি মেয়েকে পছন্দ হয়েছে, তাকে বিয়ে করতে চাই '। শুনে আমি আর আমার স্ত্রী হতবাক। এই ধরণের পরিস্থিতির জন্য আমরা একেবারে প্রস্তুত ছিলাম না, কেননা আমাদের ছেলের বয়স মাত্র ২৪ এবং ও চাকরীতে ঢুকেছে মাত্র দুবছর আগে। মাইনে পায় এত কম তা দিয়ে সংসার চালানো মুশকিল? তাছাড়া, আমি মনে মনে বললাম, তাড়াহুড়ো করে বিয়ে স্থির করার দরকারটা কি? একটু দাঁড়িয়ে তোর চারপাশ তাকিয়ে দেখ, তোর ভালো লাগতে পারে এমন মেয়ের অভাব আছে নাকি? আমি নিজে ছেলে হিসাবে অপেক্ষাকৃত কম বয়সে বিয়ে করেছি। তা নিয়ে আজ দুঃখ করছি তা নয়, কিন্তু মাঝে মাঝে মনে হয় সব কিছু ঠিক করার আগে যদি আরো সময় নিতাম, তাহলে কোন দিকে মোড় নিত আমার জীবন? হয়তো আমার স্ত্রীও একই কথা ভাবছে মনে করে সেই প্রসঙ্গ মুখে না এনে আমি ছেলেকে বললাম ' মেয়েটি কে, কোথায় থাকে, তুই ওর মা-বাবাকে চিনিস'? উত্তরে বলল, মেয়েটির দেশ শিগা জেলায়, বিওয়া হ্রদের কাছে। ' তোমাদের এত দিন জানাতে পারি নি , তবে ওর বাড়ীতে কয়েকবার বেড়াতে গিয়েছি '।

মে মাসের শুরুতে ছেলে মেয়েটিকে আমাদের বাড়ীতে নিয়ে এসেছিল। বিয়ের ব্যাপারে ওদের দুজনের দৃঢ় ইচ্ছার কথা জেনে আমরা অভিভাবক হিসাবে সম্মতি ও অভিনন্দন জানালাম।

আগস্ট মাসে আমার গরমের ছুটীর সুযোগ নিয়ে আমরা বিওয়া হ্রদের কাছে মেয়েটির বাড়ী গেলাম ওর মা-বাবার সাথে দেখা করে বিয়ের ব্যাপারে কথা বলতে। বিয়ে কিভাবে সম্পন্ন করা হবে, রিসেপশন কোথায় হবে, কাদের ডাকা হবে, এ সব বিষয়ে দুই পক্ষের মতের কোনো অমিল না থাকায় যে উদ্দেশ্য নিয়ে গিয়েছিলাম তাতে সময় লাগলো না। তাড়াতাড়ি কথাবার্তা চুকিয়ে ওঁরা আমাদের বাড়ির বাইরে নিয়ে গেলেন জায়গাটা কেমন দেখাতে। বাড়িটির চারপাশে ধানক্ষেত। মেয়েটির বাবা আগে ব্যাংকে চাকরি করতেন, অবসর নেয়ার পর তাঁর বাবার কাছ থেকে উত্তরাধিকারসূত্রে পাওয়া জমিতে ধান চাষে নিয়োজিত, যেমনটি তাঁর বাবা করতেন। জমিটি বেশ বড় হলেও তিনি জানালেন, এখন কৃষি কাজ করে সংসার চালানো কঠিন, কারণ এখনকার যুগে মেশিনে নির্ভর না করে ক্ষেতের কাজ করা সম্ভবপর নয়, আর মেশিন কেনার জন্য নেয়া ঋণ পরিশোধ করা রীতিমত কঠিন ব্যাপার। তবে তিনি এও জানান, বিওয়া হ্রদের কাছ থেকে তিনি সব সময় তৃপ্তি বোধ করেন, কারণ এখানে হ্রদ থেকে চাষের কাজের জন্য যথেষ্ট জলের সুবিধা রয়েছে, বিওয়াকোর উপর দিয়ে বয়ে আসা বাতাসের জন্য গরমকালেও তেমন গরম পড়ে না। শীতকালে তুষার পাতের পরিমাণ কম আর সারা বছর ধরে সুন্দর প্রাকৃতিক পরিবেশ উপভোগ করা যায়। মে মাসে চারা লাগানোর পর এখন

ধানগাছ গুলো বেশ বড় হয়েছে। ধানক্ষেতের ঘ্রাণ নাকে নিয়ে আসে মৃদু বাতাস।

তার পর গাড়ীতে চেপে বিওয়া হ্রদ দেখতে বেরিয়েছি। আমাদের প্রথম গন্তব্য স্থান ছিল চিকুবু দ্বীপ। নাগাহামা বন্দর থেকে জাহাজে করে সেখানে যেতে লাগে আধ ঘন্টা।

প্রচুর গাছে আবৃত এই ছোট দ্বীপে রয়েছে বিখ্যাত বেনযাইতেন (সরস্বতী দেবী) এর দেবালয়। এই দেবালয়ের সুদীর্ঘ ইতিহাস রয়েছে। কিংবদন্তীতে বলা হয়, ৭২৪ সালে তৎকালীন সম্রাট এক রাতে স্বপ্নে শিন্তো ধর্মের মাহাদেবী আমাতেরাসুর আদেশ পেলেন চিকুবু দ্বীপে সরস্বতীর মন্দির গড়ে তোলার জন্য। সম্রাট তৎক্ষণাৎ বৌদ্ধ পুরোহিত গিয়োকি কে পাঠান দ্বীপটিতে। গিয়োকি মন্দির নির্মাণের পাশাপাশি সরস্বতীর মূর্তি বানিয়ে সেখানে স্থাপন করেন। চিকুবু দ্বীপের এই সরস্বতী দেবীকে জাপানের তিনটি প্রখ্যাত সরস্বতীর মধ্যে একটি হিসাবে গণ্য করা হয়। অন্য দুটি সরস্বতী দেবীর অবস্থান

কানাগাওয়া জেলার এনোশিমা এবং হিরোশিমার ইৎসুকুশিমা মন্দিরে। পুরোহিত গিয়োকি যে মূর্তি খোদাই করে বানিয়েছিলেন বলে জানা যায়, তা দেখার সুযোগ কিন্তু সচরাচর মেলে না। জনসমক্ষে সেটি দেখানো হয় ৬০ বছরে কেবল একবার। ১৯৭৭ সালে প্রদর্শিত হয়েছিল বলে পরবর্তী সুযোগের জন্যা আরো ৩০ বছর অপেক্ষা করতে হবে। পরিবর্তে এর কপি রাখা হয়েছে প্রধান দেবালয়ে। অনুমতি নিয়ে দেবালয়ের ভিতরে গিয়ে দেবীকে দেখলাম। প্রথমে লক্ষ্য করলাম, তার হাতে বীণা নেই! আর বাহন হিসাবে রাজহাঁসের পরিবর্তে দেখা গেল নাগ। সরস্বতী দেবীকে যেভাবে চিনি, তার থেকে অনেক পার্থক্য লক্ষ্যণীয়। সম্ভবত: ভারতবর্ষ থেকে চীন ও কোরীয় উপদ্বীপ হয়ে দূর প্রাচ্যের এই দ্বীপ দেশে পৌঁছুতে পৌঁছুতে দেবীর চেহারার পরিবর্তন ঘটেছিল। তবে চেহারা যাই হোক না কেন, এই সত্যতা অস্বীকার করার কোনো উপায় নেই যে এই দেবীকে অনেক বছর ধরে জাপানবাসীরা আন্তরিকতার সঙ্গে যত্ন করে পুজো করে এসেছে।

চিকুবু দ্বীপে অবস্থিত অন্য একটি মন্দিরের তোরণ সহ দুটি স্থাপনা জাতীয় ধন- সম্পদ হিসাবে সংরক্ষিত।

চিকুবু দ্বীপের পর আমাদের নিয়ে যাওয়া হল সামেগাই এলাকায়। বিওয়া হ্রদ থেকে গাড়িতে ১৫ মিনিটের পথ। এই এলাকা মধ্য যুগে কিয়োতো এবং এদো (বর্তমান টোকিও) কে যুক্তকারী এক প্রধান সড়কের অন্যতম যাত্রা বিরতি কেন্দ্র হিসাবে গড়ে ওঠে।

এই এলাকার মাঝখান দিয়ে যে ছোট্ট নদী বয়ে যায়, তার জল স্বচ্ছ ও পরিষ্কার। জলের মধ্যে এক ধরণের আগাছা দেখতে পাওয়া যায়। জলের মধ্যেই তার ফুল ফোটে।

এমন কি গরমকালেও জল ঠান্ডা থাকে বলে এখানকার বাসিন্দাদের স্রোতের মধ্যে তরমুজ, শসা ও বিয়ারের বোতল ইত্যাদি ডুবিয়ে রেখে ঠান্ডা করে খাওয়ার অভ্যেস আছে। পুরোনো দিনের যাত্রীরা অনেক পথ হেঁটে অতিক্রম করার পর সামেগাইতে পৌঁছে এই স্বচ্ছ জলের স্রোত দেখে যে বড় স্বস্তি পেত, তা অনায়াসে আন্দাজ করা যায়।

সামেগাই ছেড়ে চলে যাচ্ছি ততক্ষণে সূর্য অস্তগত হল। দেখতে দেখতে বিওয়া হ্রদের রং বদলে যাচ্ছে সোনালী থেকে লালচে বেগুনি, তার পরে ঘন নীলে। হ্রদের ঢেউ ছড়িয়ে দিচ্ছে আলোর শোভা। অবাক হয়ে দাঁড়িয়ে রঙের খেলা লক্ষ্য করছিলাম। ভাবতেও পারিনি এক দিন এই হ্রদের কিনারায় দাঁড়িয়ে এই অপূর্ব দৃশ্য দেখবো। মনে মনে ছেলেকে অভিনন্দন জানিয়ে বললাম, তোর বিয়ে নিঃসন্দেহে আমাদের সবাইকে সুখ এনে দেবে ।

আমার টোকিও দর্শন

নির্মলকুমার সিন্‌হা

অনেকদিন ধরে দীপ্যমান ও দেবশ্রীরা বলছে তোমরা একবার জাপানের টোকিওতে ঘুরে যাও। কিন্তু হয়ে আর ওঠে না। কর্মজীবনের কর্মক্ষেত্রের ব্যস্ততা! তাই অবসরের পর মনে মনে স্থির করলাম এবার টোকিও শহরটাকে দেখে আসবো। আত্মীয়-স্বজন-প্রতিবেশী-বন্ধুবান্ধবরা শুনে তো হাঁ-হাঁ করে উঠলো। সেকি! টোকিও যাবে কি? ওখানে তো ওরা চিনবে না, কথা বলবে না। তার চেয়ে বরং ইউরোপের দেশগুলোতে যাও। ওখানে দুটো কথা বলতে পারবে, আনন্দ পাবে, ভাষা-সংস্কৃতি-সাহিত্যে পরস্পরের আদান-প্রদান করতে পারবে। কিন্তু জাপানের টোকিও শহরটার মনে মনে একটা ছবি এঁকে ফেলেছি। ভালবেশে ফেলেছি বলতে গেলে। ঠিক করলাম, নাঃ টোকিওতেই যাব এবার। খুবই রোমাঞ্চকর লাগছিল। নতুন দেশ - নতুন জায়গা দেখবো বলে।

নারিতা এয়ারপোর্টে নেমে প্রথমেই ধাক্কা খেলাম। বিশাল এয়ারপোর্ট দেখে। কোনকিছু জিজ্ঞাসা করলে কেউই ভালভাবে বলতে পারছে না। ভাষার সমস্যা বিস্তর। আমার বডি-ল্যাংগুয়েজ দিয়ে বোঝাবার চেষ্টা করলাম- কোথায় অভিবাসন, শুল্ক দপ্তর, কোথা দিয়েই বা শহরে যাব? হতঃস্মি আমি! যাইহোক, অনেক সমস্যা করে এয়ারপোর্টের বাইরে আসা গেল। একটা ট্রেনও দাঁড়িয়ে ছিল। টিকিট কেটে একে-ওকে জিজ্ঞাসা করে উঠে পরলাম - 'জয় শ্রীরাম' বলে। ট্রেন ছেড়ে দিল। এবার আমার গন্তব্যস্থল হলো 'শিনাগাওয়া' রেল ষ্টেশন। সেখানে পৌঁছে ষ্টেশনের বাইরে এলাম। এবার ঠিক করলাম-আর নয়-এবার একটা Taxi নিতে হবে। আবার যথাপূর্বক ভাষা সমস্যা। আমার গন্তব্যস্থলের নাম বলে বোঝাতে পারলাম না। শেষে একটু কাগজ ওর হাতে গুঁজে দিলাম। তাতেই ছিল গন্তব্যস্থলের নাম ঠিকানা। ও দেখলাম ট্যাক্সিতে রাখা একটা টিভির মত জিনিসে কি দেখল, তারপরেই 'হাই' বলে ট্যাক্সি চালাতে শুরু করল। আর আমি মনে মনে দূর্গা নাম জপতে লাগলাম। ভাবলুম এ কোথায় এসে পড়েছি। ঠিক মত বাড়ী খুঁজে পাব তো, না আবার ইউ টার্ণ দিতে হবে এখান থেকে কলকাতার পথে!

না তা হল না। কিছুক্ষণ বাদেই দেখলাম ড্রাইভার আমার গন্তব্যস্থলে ঠিক নিয়ে এসেছে। পরে জেনেছি ঐ টিভিটা স্যাটেলাইট রোড ম্যাপ। ড্রাইভারের ব্যবহার আমাকে সত্যিই মুগ্ধ করেছে, যা আমাদের কলকাতায় বিরল। মনে মনে মুগ্ধ হলাম একটা দেশ তার নিজস্ব ভাষা নিয়ে এত উন্নত হতে পারে।

সকালে ঘুম থেকে উঠে দেখলাম বয়স্ক লোকেরা নিজেদের কম্যুনিটি এরিয়াটাকে পরিষ্কার করছে। পরে জানলাম এখানে লোকেরা স্বেচ্ছাশ্রম দিয়ে নিজেদের জায়গা নিজেরাই পরিচ্ছন্ন রাখে। সাজানো গোছানো শহর - লোকেদের ঐকান্তিক প্রচেষ্টায় আরও সুন্দর করে তোলার উদগ্র বাসনা ।

এখানে এসে শুনলাম, টোকিওতে বাঙ্গালীরা দুর্গাপূজা করে মহা ধুমধাম করে। তাই ঠিক করলাম এবার পুজোটা টোকিওতেই কাটিয়ে যাই। কলকাতার পুজো মানেই তো হৈচৈ, হট্টগোল। তাই ভাবলাম টোকিওর শান্ত পরিবেশে দুর্গাপূজা কেমন লাগে দেখেই যাই। অন্তত কলকাতায় গিয়ে বলতে পারব প্রবাসেও বাঙ্গালীরা কেমন দুর্গাপূজা করছে। তবে বাঙ্গালীরা আড্ডাপ্রিয়-ভোজনপ্রিয়। পূজা মানে চারদিন ছুটি - খাওয়া দাওয়া আর চুটিয়ে প্যান্ডেলে আড্ডা মারা। পূজার ক'দিন নিজের বাড়ীতে থেকে আত্মীয়স্বজনদের সাথে আনন্দ উপভোগ করা বাঙ্গালীর পরম্পরা। তাই সকলেরই মন চায় বাড়ীতে থেকে সকলের সাথে আনন্দ উপভোগ করা।

টোকিওতে আর একটা জিনিস খুব ভাল লাগল ট্রেন বা বাস পরিসেবা -ঘড়ির কাঁটা ধরে আসছে যাচ্ছে। সবই যন্ত্রের মত - দম দেওয়া পুতুলের মত চলছে। লোকের মধ্যে কোনও মানসিক চিন্তা নেই - চাপ নেই। অফিস কাছারীতে দেরীতে পৌঁছোনোর বালাই নেই।
তবে আমার কাছে, টোকিও যতই ছিমছাম সাজানো গোছানো হোক না কেন কলকাতা আছে কলকাতাতেই। ভীড়, হৈ-হল্লা, ছোটাছুটি জনারণ্য, গাড়ীর আওয়াজ, লোকেদের ব্যস্ততা ইত্যাদির মধ্যে একটা নিজস্ব বৈশিষ্ট্য আছে। সকালে উঠেই বেশীরভাগ লোকে খবরের কাগজে একবার চোখ বুলিয়ে থলি হাতে বাজারে যাওয়া। তারপর কোনরকমে খাওয়া দাওয়া করে ছোটো অফিস কাছারীতে। সন্ধ্যেয় বাড়ী ফিরে আড্ডায় মেতে ওঠা -রাজনীতি থেকে সিনেমা, বাঙ্গালীরা জানিনা এমন বিষয় নেই।

আর পূজা পার্বণ-তাতেও বাঙ্গালীরা সবার থেকে এগিয়ে। কোন মহল্লায় ৭-৮টি বাঙ্গালী পরিবার থাকলেই হোল -ওরা এগিয়ে আসবে - সব প্রদেশের লোকদের সঙ্গে নিয়ে পূজা পার্বণ বা কোন অনুষ্টান শুরু করে দেবে। এইভাবেই শুনেছি টোকিওতে বাঙ্গালী এসোসিয়েশন প্রথম দুর্গাপূজা শুরু করেছিল - তা আজও অব্যাহত। শুধু টোকিওতে নয় - পৃথিবীর সারা দেশে যেখানেই বাঙ্গা লী আছে- সেখানেই পূজা বা সাংস্কৃতিক অনুষ্ঠান। এটা একটা সারা বছরে সবার সাথে মেলার অনুষ্ঠান। তাই এই সবার সাথে মেলা মেশার লোভ আমিও ছাড়তে পারলাম না। থেকেই গেলাম টোকিওতে দুর্গাপুজা দেখব বলে ॥

Shakti and Science

Virendra Shanker

"There is nothing in the world, which is not SHAKTI in its essence". This is what we always believed since ancient times.

In the last century, it was scientifically demonstrated by one of the greatest scientists of our times, Herr Albert Einstein. The visualization of this fact through his profound ideas which may look complicated at first sight are not so in reality. Rather, their greatest beauty is their crystalline simplicity.

One of the effects which he discovered using the physical laws he proposed revealed the relation between mass and energy of a particle. Energy, the power to do work, is also termed as SHAKTI.

As we all know, Einstein's discoveries relate to the basic notions of time and space which are foundation stones of physical laws. This formed the first revolutionary new physical themes developed in the last century and is popularly known as 'Einstein's Theory of Relativity'. These physical laws are quite different from what has been traditionally understood as Newton's law of physics. Thus Einstein's discoveries about time and space imply a new physics. Just to indicate, in a qualitative way, what Einstein's physical laws are like, we will discuss, in short, the relation between mass and energy which he discovered.

Einstein demonstrated that no particle can ever be made to travel faster than speed of light. This must mean that as the speed of a particle approaches the speed of light, it becomes more and more difficult to bring about increments in its speed. That is, the effect of fixed force of acceleration exerted on a particle must become smaller and smaller as the velocity of the particle approaches the velocity of light. Now, the proportionate resistance which a body offers to accelerate is called the mass. Thus he was led to the conclusion:

